আর্মি কাউকে তাড়িয়ে দিতে বলছি না, ভারতবর্ষে সকলেরই কর্মসংস্থান হবার অধিকার আছে। কিন্তু আমাদের প্রদেশের যা বিশেষ অবস্থা সেই কথা বিবেচনা করে যা নাকি আমাদের করা উচিত সেই অন্যসারে কাজ করা হচ্ছে না। বিশেষ করে গত দ্বিবছরের মধ্যে দেখেছি, আমরা অনেকেই পরিসংখ্যান দেখেছি এবং অনেক কাগজেও বৰায়েছে যে, কলকাতায় যে কয়েকটি বিশেষ শ্রেণীর সম্প্রদায় আছে তাদের যে-সমস্ত কাজ কারবার, তার ভিত্তির থেকে বাঙালীদের তাড়িয়ে দেবার চেষ্টা চলছে। এবং ন্তৃত্ব লোক বাঙালীদের ভিত্তির থেকে নিয়ন্ত্রণ হচ্ছে না, কেবল যারা আছে তাদের সম্বন্ধে আপন্ত নাই। এই যে ব্যাপার, এটার প্রতি আমাদের রাজ্য-সরকারের দ্রষ্টিং আকৃত হওয়া উচিত। এ-সম্বন্ধে যাতে একটা দ্রু নীতি অবলম্বিত হয় সে সম্বন্ধে সরকারের চেষ্টা করা জরুরী কর্তব্য। আমরা জানি বার্ন পুরে বাংলাদেশের মধ্যে লোহার কারখানা, সেখানে যত এ্যাপ্রেনিটস নেওয়া হয় তাতে অতি কর সংখ্যক বাঙালী থাকে। আমাকে বিশ্ববিদ্যালয় সংক্রান্ত ব্যাপারে অনেক জায়গায় এ্যাপ্রেনিটস নেবার বাবস্থা করতে হয়, তাতে দেখা যায় বেছে নেবার ব্যাপারে এমন মনোভাব যাতে বাঙালী কাজ না পায়। বাঙালীদের কি হার্ট-বিকৃতির জন্য তারা কাজ পায় না, সে বিষয়ে আগে অনুসন্ধান করতে হবে এবং তারপরে সেটা সংশোধন করতে হবে। এমনটী হচ্ছে, সেটা আমাদের সরকারের অবহেলার জন্য হচ্ছে, এবং অবস্থা এমন দাঁড়িয়েছে যে, আজ যা তাঁরা করতে চান, তা তাঁরা করতে পারছেন না। যে মিতীয় পশ্চাব্যক পরিকল্পনা তাঁরা করেছেন তাতে একটা হিসেব তাঁরা দেখিয়েছেন, ইণ্ডিপ্রিয়াল ডেভেলপমেন্টের দিক দিয়ে দুর্গাপুরে এবং আরো কতকগুলি পরিকল্পনা করা হয়েছে, সেগুলি ভাল। কিন্তু এই যে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় জাপানে গেলেন এবং আরও অনেকে জাপান ঘুরে এলেন, তাঁরা হয় ত সেখানে যে অনেক ছোট ধরণের শিল্প আছে তা প্রত্যক্ষভাবে দেখার সুযোগ পেয়েছেন। আমাদের দেশে ভারত-গভর্নমেন্ট যে স্বল ইণ্ডিপ্রিয়াল সার্ভিসেস ইনিষ্টিউট স্থাপিত করছেন

সেটাৰ সঙ্গে যদি তাৰা কিছু ঘোগাঘোগেৰ ব্যবস্থা কৱেন এবং ছোট ছোট শিল্প যাঁৰা প্ৰাণীগৰ্ভ কৱতে চান, তাৰদেৱ যদি সাহায্য কৱাৰ ব্যবস্থা কৱেন তাহলে অনেক লোকেৱ রোজগাৰেৱ বাদলস্থা হতে পাৰে। একটা বিষয় আৰু বিশেষ কৱে জৰ্নিন, ছোট শিল্পে যাঁৰা আৰ্দ্ধানিয়োগ কৱতে চান, তাৰদেৱ যে খণ্ড দেৱাৰ পৰিকল্পনা আছে, সেটা ঘৃটিপূৰ্ণ। তাৰ ফলে যাঁৰা প্ৰকৃতপক্ষে খণ্ড পেতে পাৰেন তাৰা খণ্ড পান না। হাওড়াৰ যে ক্ষৰীয় হয়েছে—হাওড়া ইঞ্জিনিয়াৰিং, সেখানে আমৱাৰ শুনোছি—যারা খণ্ড পাবাৰ উপযোগী তাৰা খণ্ড পান নি, কৱাণ এমন কতকগুলি বিধিনিয়মে আছে, যাব ফলে যাদেৱ খণ্ড পাওয়া উচিত, তাৰা পেতে পাৰেন না, সুতৰাং যে উপকাৰ সেদিক দিয়ে হ'তে পাৰত তা হচ্ছে না। জাপান থেকে যুক্ত্যমন্ত্ৰী মহাশয় তাৰেৱ শিল্প-ব্যবস্থা দেখে এসে কোন কিছু ব্যবস্থা এখানে কৱেছেন বলে আমৱাৰ কিছু জৰ্নিন না। এবং সে সম্বন্ধে কোন কিছুৰই উল্লেখ নাই এই ভাৰণে। আৰু আশা কৱব—এই যে পৰিকল্পনা এতে ছোট শিল্প ও বড় শিল্পেৰ মধ্যে সামঞ্জস্য কৱে যাতে ছোট শিল্পে বড় শিল্পেৰ কাঁচামাল তৈৰী হয় তাৰ জন্য একটা পৰিকল্পনা বিশেষজ্ঞদেৱ সামনে রাখবেন; এবং সেই পৰিকল্পনা অচিৰে কাৰ্য্যকৰী কৱবেন, যাব ফলে আমাদেৱ দেশেৰ উন্নতি হ'তে পাৰবে। দুৰ্গাপুৰেৰ সম্পর্কে শুনোছি—অনেক অপচয়েৰ সংবাদ পাওয়া যাচ্ছে। এবং দুৰ্গাপুৰেৰ পৰিকল্পনা যেভাবে হওয়া উচিত ছিল সেভাবে হচ্ছে না। সেখানে যে রাসায়নিক কাৰখনাহা হতে পাৰত, সেটা কাৰ্য্যকৰী কৱা হয় নাই, সে সম্বন্ধে বাজেটেৰ সময় আৱো ভাল কৱে বলা যাবে। এ-সম্পর্কে বিধান-সভাৰ সদস্য ও পৰিবহনেৰ সদস্য যাঁৰা, তাৰা যাতে সংবাদ রাখতে পাৰেন এবং বিশেষ কৱে দুৰ্গাপুৰে এবং বান্দুৰে যাতে বাঙালীৱা কাজ পান সে সম্বন্ধে বিশেষ ব্যবস্থা কৱতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আৰু আমৱাৰ নিজেৰ যা বন্ধব তা আপনা�ৰ সামনে উপস্থিত কৱলাম। এবং এই কথা বলে আমৱাৰ বন্ধব শেষ কৱব যে, কেবলমাত্ৰ আৰ্দ্ধানুষ্ঠিৰ ভাৱ এই ভাৰণেৰ মধ্যে আছে। তাৰ স্বারা দেশেৰ উন্নতি হ'তে পাৰে না। এবং যেভাবে বিৱোধী পক্ষ ও সৱকাৰ পক্ষেৰ মধ্যে যে সহযোগীতাৰ প্ৰয়োজন তাৰ সূযোগ প্ৰদানেৰ ব্যবস্থা যদি তাৰা না কৱেন এবং বিৱোধী পক্ষেৰ সঙ্গে পৱামৰ্শ কৱাৰ ব্যবস্থা যদি তাৰা না কৱেন তাহলে এই সমসামৰণবলি পশ্চিমবাংলাৰ সামৰণিক উন্নতি হ'তে পাৰে না। বিৱোধী পক্ষ থেকে আমৱাৰ পৱামৰ্শ দিতে পাৰি, কিন্তু যদি আমাদেৱ সেই পৱামৰ্শ এবং আমাদেৱ যা বন্ধব, তা যদি তাৰা গ্ৰহণ না কৱেন বা না শোনেন, তাহলে দেশেৰ উন্নতি কিছুতেই হ'তে পাৰবে না। সুতৰাং সহায়াগৰ্তাৰ আবেদন জানিয়ে আমৱাৰ বন্ধব শেষ কৱাইছ।

### Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজাপালেৰ ভাৰণে তিনি যে কয়টী কথা বলে গেছেন, তা অতাৰ নৈশ্বাজনিক। আৰু শিক্ষক হিসেবে বলতে পাৰি—এটা একটা ছাতস্তুলত রচনা হয়েছে, যাব সঙ্গে বাসত্বেৰ কোন সম্পর্ক নাই; একটা গভীৰ অন্তদ্বিতী নাই, একটা দৰদ বা সহানুভূতি নাই। এবং বৰ্তমান অবস্থাকাৰ প্ৰতিকাৰ কৱাৰ কোন পথ নিম্নোৰ্ধে নাই। শৰ্ধে একটা সুন্দৰ চিত্ৰ এ'কে দিয়ে একটা আৰ্দ্ধানুষ্ঠিৰ ঘনোভাৰ এই ভাৰণেৰ ভিতৰ দিয়ে প্ৰকাশিত হয়ে উঠিছে।

প্ৰথমত এই ভাৰণেৰ যৈদিকটা আজকে বাংলাৰ প্ৰত্যোক লোকেৱ নজৰে পড়বে, সেট হচ্ছে খাদ্য-সমস্যা সম্পর্কে তাৰ উন্নতি। খাদ্য-সমস্যা সম্পর্কে আমাদেৱ খাদ্যানুষ্ঠী, যৰ্থি পশ্চিমবাংলায় বিশেষ কৱে দুৰ্ভৰ্ক্ষমন্ত্ৰী বলে পৰিচিত, তিনি খাদ্য-দণ্ডত্বেৰ ভাৱ নেবাণ সঙ্গে আবাৰ পশ্চিমবাংলাজে দুৰ্ভৰ্ক্ষ দেখা যাচ্ছে, দুৰ্ভৰ্ক্ষেৰ পদধৰণি পৰিষ্কাৰভাৱে যোজ পঢ়িকা মাৰফৎ শোনা যাচ্ছে, লোক খেতে না পেয়ে আঘাতহৃত্যা কৱে মৰছে এ চিত্ৰ প্ৰায় প্ৰত্যহ দেখা যাচ্ছে, গ্ৰামে গ্ৰামে চূৰ্ণ-ডাকাতি অসম্ভব বেড়ে যাচ্ছে, এমন কি লোকেৱ রান্ধাৰ থেকে ভাত চূৰ কৱে থাচ্ছে, কাজেই ৫০েৱ মন্দত্বেৰ যে ছৰি আমৱাৰ দেৰেছিলাম, বাংলাৰ আবাৰ ত'রই ছৰি পৰিষ্কাৰ হয়ে উঠিছে। অৰ্থত রাজাপালেৰ ভাৰণেৰ মধ্যে তাৰ কো ইঞ্জিত নাই, তাৰ কোন পৰিচয় মোটাই পাওয়া যাচ্ছে না, এটা অতাৰ দণ্ডখেৰ কথা। এখানে সোজা কৱেকষা পৰিসংখ্যানেৰ কথা বলা হয়েছে। সে পৰিসংখ্যান হচ্ছে ৪৩ লক্ষ টন চান আমাদেৱ দেশে হয়েছে, ৪৬ লক্ষ টন চান আমাদেৱ দৱকাৰ, সুতৰাং তিনি লক্ষ টন সিৱিয়ালে

অভাব রয়েছে, এবং তিন লক্ষ টন আটা কেন্দ্রীয় সরকার দেবেন। কাজেই ৪৬ লক্ষ টন সিংরিয়েলের যে আমাদের প্রয়োজন, সেটা পাওয়া যাবে, তার জন্য কোন ভাবনার কারণ নাই। এই পরিসংখ্যান কোন ভিত্তিতে রাচিত হয়েছে জানি না। অবশ্য ষ্টার্টিপ্টক ইনসিটিউট থেকেই এটা নিশ্চয়ই রাচিত হয়েছে। ষ্টার্টিপ্টক ইনসিটিউট কি ধরণের লোকের স্বারা পরিচালিত হয় তার পরিচয় আজকে আর বাঙালী সমাজকে দিতে হয় না। নিম্নতরণবাবু ষ্টার্টিপ্টকাল ডিপার্টমেন্টের মত বড় একটী পদস্থ ব্যক্তি, তার নানাবিধি সতত সম্বন্ধে পরিচয় পশ্চিমবাংলার প্রতোকটী লোক আজ জেনে গেছে। কাজেই তিনি যে-সমস্ত পরিসংখ্যান দিয়েছেন সেই পরিসংখ্যানের উপর নির্ভর করে খাদ্য-সমস্যার সমাধান যদি করতে হয় তাহলে পশ্চিমবাংলায় আবার যে দুর্ভিক্ষ দেখা দেবে সে-বিষয়ে বিশ্বাস সন্দেহ নাই। বাস্তবিকপক্ষে দুর্ভিক্ষের ইঁগিত এবং পরিচয় ছিল বনার মধ্যে, এবং পৌর মাসে যখন ফসল উঠেছিল। তখন থেকে সরকার যদি দুর্ভিক্ষ সম্বন্ধে অবহিত হতেন, তাহলে আজকে যে অবস্থায় এসে পশ্চিমবাংলা পৌঁছেছে, সেই অবস্থায় তাকে পৌঁছাতে হত না। ভবিষ্যতে পশ্চিমবাংলার সামনে আরো দুর্যোগ পরিকার দেখা যাচ্ছে, সে দুর্যোগের আগমন ঘটত না, যদি পশ্চিমবাংলা সরকার কেন্দ্রীয় সরকারের কাছে সেই সমস্ত বাজে পরিসংখ্যান না পাঠাতেন। ইদানিং কালে তাঁরা ব্রহ্মতে পেরেছেন যে, পরিসংখ্যানের মাঝে তাঁরা যে চিত্ত ধরতে চেয়েছিলেন, তার চেয়ে পশ্চিমবাংলার অবস্থা আরো খারাপ। আমাদের মুখ্যমন্ত্রী ও খাদ্যমন্ত্রী, দুর্জনেই দিল্লী গিয়েছিলেন, নতুন করে চাল চাইবার জন্য। শুনেছি সেখানকার খাদ্যমন্ত্রী পরিকার বলে দিয়েছেন, পরিসংখ্যানের মধ্যে যে-সমস্ত বৈয়ম দেখা যাচ্ছে, তার জন্য পশ্চিমবাংলার জন্য নতুন করে চাল বরাদ্দ করা সম্ভব হবে কিনা সে সম্বন্ধে কোন আশ্বাস দিতে পারি না। ভাষণে কেন্দ্রীয় সরকার হতে ও লক্ষ টন আটা দেবার কথা আছে, কিন্তু কলকাতা লক্ষ টন চাল পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকার দিবেন সে সম্বন্ধে উল্লেখ নাই।

[ 10-30—10-40 a.m.]

এই ভাষণের মধ্যে ও লক্ষ টন আটা দেবার কথা আছে, কিন্তু কত লক্ষ টন চাল কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলা সরকারকে দেবেন, সে সম্পর্কে কোনৱাক পরিচ্ছব্দ ইঁগিত নেই। পরে বলা হয়েছে কেন্দ্রীয় সরকার আমাদের যথেষ্ট সিংরিল দেবার আশ্বাস দিয়েছেন, কাজেই খাদ্যশস্য সম্পর্কে আমাদের দুর্বিচ্ছন্তা হবার কোন কারণ নেই। আরু এখানে পরিচ্ছব্দের বলতে চাই, এই চিত্রের মধ্যে, বাংলার যে দুর্যোগ তা যথায়ে আসছে, যেখানে দুর্ভিক্ষের ক্ষয়ে হায়া পরিচ্ছব্দের হয়ে উঠেছে, যে গ্রামের লোক আজ না থেকে পেয়ে আঝাপ্তা করতে এরিয়ে যাচ্ছে; তার প্রাতিকারের ইঁগিত এই রাজ্যপ্রালোর ভাষণে নেই। তার থেকে বোঝা যাচ্ছে, আমাদের সরকার এই শীতাতপ নিয়ন্ত্রণ কক্ষে বসে যেভাবে রাজ্য পরিচালনা করছেন তার মধ্যে কিছু বিপর্যয় সংষ্টি হয়েছে। দেশে খাদ্যের অভাব, তার প্রতি একটা দরদ এবং সহানুভূতি নিয়ে সেই সমস্যা সমাধানের অবসর পাচ্ছেন না। আরু তাঁদের সাধারণ করে দিতে চাই, খাদ্য-সমস্যা নিয়ে ছেলেখেলা করা কোন সরকারের উচিত নয়। তার ফলে যে বিষয়ে এসে দেখা দেবে, যে রক্তপাত অনিবার্যতার ভিত্তির পশ্চিমবাংলার ব্যক্তের উপর দেখা দেবে, অরাজকতা সংষ্টি করে, তার জন্য দায়ী হবে পশ্চিমবাংলার দায়িত্বহীন সরকারের খাদ্যনির্বাচিত। সেইজন্য আরু উল্লেখ করতে চাই, খাদ্য-সমস্যার নীতি সম্পর্কে সরকার সম্পূর্ণভাবে জনসাধারণের দুঃখক্ষেত্রের প্রতি উপেক্ষা প্রকাশ করেছেন। দ্বিতীয়ত আরু আগেই বলেছি যে, দুর্ভিক্ষের ছায়া আমরা পরিচ্ছব্দের দেখতে পাচ্ছি, সেই দুর্ভিক্ষের ছায়া তাঁর ভাষণের ভিত্তির নাই। তাঁর ভাষণের ভিত্তির একটা আঘাসন্তুষ্টির মনোভাব পরিষ্কৃত হয়ে ফুটে উঠেছে; তিনি পরিচ্ছব্দের বলেছেন এই তিন লক্ষ টন সিংরিয়াল খাদ্যশস্য পাওয়া গেলে আর পশ্চিমবঙ্গে খাদ্য সমস্যা সমাধান করতে অস্বিকল হবে না। তিনি একবার এ-ক্ষেত্রে বলেছেন এই তিন লক্ষ টন খাদ্যশস্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সংগ্রহ করলেও যে দুর্ভিক্ষের করাল ছায়া পশ্চিমবাংলাকে ছেয়ে ফেলেছে, সেই দুর্ভিক্ষের হাত থেকে বাঙলাবাসীকে রক্ষ করতে কিছুতেই সরকারের পক্ষে সম্ভব হবে না। এর মধ্যেই ১ কোটী টাকা খরচ করে ফেলেছেন এবং

এইপ্রিল মাস থেকে এক কোটী অর্ডিরিঙ্ক টাকার ব্যবস্থা করেছেন দ্বিতীয়ক্ষণস্ত জেলার লোককে সাহায্য করবার জন্য, এবং তার এক লম্বা ফিরিংস্ট মাননীয়া রাজ্যপালের ভাষণে দেওয়া হয়েছে। কিন্তু মাননীয়া রাজ্যপাল মহোদয়া কোথাও এ কথা স্বীকার করেন নি যে, সরকার আজ পর্যন্ত যে-সমস্ত ব্যবস্থা করেছেন লোকের অন্নভাব দ্বার করবার জন্য, তা মোটেই পর্যাপ্ত নয়। এখন পর্যন্ত মাত্র চার হাজারাটি ফেয়ার প্রাইস শপ খোলা হয়েছে সারা পশ্চিমবাংলায়; তার চেয়ে অন্ততঃ দশগুণ বেশী ফেয়ার প্রাইস শপ খোলবার প্রয়োজন আছে; এবং যে-সমস্ত ফেয়ার প্রাইস শপ খোলা হয়েছে, তার মধ্যে দৈনিক বা সাপ্তাহিক যে চাল বিক্রির বরাবর করা হয়েছে, তা এতই অপর্যাপ্ত,—এই পরিমাণই যদি বজায় রাখা হয় এবং চার-পাঁচ গুণ বাড়িয়ে দেওয়া না হয়, তাহলে কিছুতেই বর্তমানে লোকের যে দ্বিতীয়-কষ্ট আছে, সেই দ্বিতীয়-কষ্ট শর হাত থেকে তাদের রক্ষা করা যাবে না। এই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এটাকে একটা জাতীয় সমস্যা হিসাবে দেখা উচিত, দলগত স্বার্থে নিয়ে দেখা উচিত নয়। আমার অভিজ্ঞতা থেকে বলছি নির্বাচনের পূর্বে বন্য সাহায্য ব্যাপারে পরিষ্কার দেখা গিয়েছে যে, এই সরকার সেটাকে জাতীয় সমস্যা হিসাবে দেখতে পারেন নি, বা তাঁদের দলীয় স্বার্থের উদ্দেশ্যে কখনও দেখতে পারেন নি, সম্পূর্ণ জাতীয়তার ভিত্তিতে তা সমাধান করবার একটা উদার ও সহানুভূতির দ্বিতীয় এই সরকারের নাই। এই সরকারকে সাবধান বাণী শুনিয়ে দিছি, দেওয়ালে পরিষ্কার লেখা আছে, আজ যদি রাজ্য-সরকার খাদ্য-সমস্যা সমাধান করতে না পারে, তাহলে পশ্চিমবাংলায় যে বিশ্লেষের আগুণ জলে উঠে, সেই বিশ্লেষের আগুণে তাঁরা ধৰ্মস হয়ে যাবেন। এখনও সময় আছে, পশ্চিমবঙ্গ সরকারকে ধৰ্মসের হাত থেকে রক্ষা করবার জন্য বর্তমান খাদ্য-সমস্যাকে তাঁরা যেন জাতীয় সমস্যা হিসাবে ধৃণ্য করেন এবং জাতির সমস্ত দলের লোককে নিয়ে একটা সুস্থির পরিকল্পনা করে খাদ্য-সমস্যা সমাধানের একটা পথ বের করতে পারেন এবং সেই পথে যেন তাঁরা অগ্রসর হন।

বর্তমান খাদ্য-সমস্যার পর যে সমস্যার কথা মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণে উল্লেখ করা হয়েছে, তার প্রতি আজকে সমস্ত পশ্চিমবাংলাবাসীর দ্বিতীয় আকৃষ্ট হয়েছে। এখানে এই নিয়ে, এর্তানি ধরে যে একটা আল্দেলান চলেছে, সেটা হচ্ছে উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা; এবং এই সমস্যা সমাধানের জন্য সরকার ইর্তমধোই ৮৬ কোটী টাকা খরচ করেছেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকাটা পেয়ে। কিন্তু এই ৮৬ কোটী টাকার স্বার্বী কৃত লোকের পুনর্বাসন করতে পেরেছেন? যে-সকল উদ্বাস্তু আমাদের দেশে এসেছে, তার শতকরা ১৪ ভাগও, আপনারা পুনর্বাসনের ব্যবস্থা করতে পারেন নি এই পশ্চিমবাংলায়। এই পশ্চিমবাংলায় উদ্বাস্তু পুনর্বাসনের কি অবস্থা হতে পারে, সে সম্পর্কে কোন বেসরকারী তদন্তের ব্যবস্থা করেন নি। প্রথম থেকেই এই একটা মনোভাব সরকার গ্রহণ করে বসে আছেন যে আমাদের পশ্চিমবাংলায় পুনর্বাসনের আর স্থান নেই। কাজেই পশ্চিমবাংলায় যে-সকল উদ্বাস্তু এসে উপস্থিত হয়েছে, তাদের পশ্চিমবাংলার বাইরে অন্যত্র স্থানে পাঠিয়ে দিতে হবে পুনর্বাসনের জন্য। অবশ্য যদি কোন বেসরকারী তদন্তের ফলে এটা প্রতিপন্থ হয় যে, পশ্চিমবাংলায় বাস্তৱিক কেন্দ্রকম স্থান নেই, তাহলে পশ্চিমবাংলার বাইরে উদ্বাস্তুদের পুনর্বাসন করা চলতে পারে। এই মনোভাব কোন যুক্তিসম্পন্ন লোক পোষণ করবেন না। কিন্তু আর্মি জিঞ্জস্যা করি, সরকারপক্ষীয় সদস্যাদের, বিশেষ করে ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়কে, তাঁরা বুকে হাত দিয়ে এ-কথা বলতে পারেন যে, পশ্চিমবাংলার যত সঙ্গতি, যত সামর্থ্য আছে তা তদন্ত করেছেন, এবং তদন্তকে নায় দ্বিতীয়গুণী নিয়ে করবার চেষ্টা করেছেন? এ-কথা পরিষ্কার ব্যবস্থাতে পেরেছেন কি যে, পশ্চিমবাংলায় আর উদ্বাস্তু পুনর্বাসনের কোন ব্যবস্থা হতে পারে না? কোন তদন্ত হয়েছে এ-সম্পর্কে? তাঁরা কি, তদন্ত বাস্তৱিকে বললেন এ-কথা, তা আর্মি জানি না। তাঁরা এই সম্পর্কে কেন্দ্রকম ভিত্তিতে নয়, তদন্তের ভিত্তিতেও নয়। শুধু একটা ভাস্তু ধারণার ব্যবস্থাতী হয়ে তাঁরা ঠিক করলেন যে, পশ্চিমবাংলায় তাঁদের আর স্থান নেই। (এ ভাস্তু ক্রম কংগ্রেস বেশ: আপনি ত কোন মতামত দিলেন না, আছে কি না?) এখানে পুনর্বাসনের ব্যবস্থা করার অবকাশ নিশ্চয়ই আছে। এখানে পুনর্বাসন দম্পত্রের ব্যবস্থা সম্পর্কে বলতে গেলে—বৈধিক্য থেকে যে-সমস্ত হতভাগ্য উদ্বাস্তুরা ফিরে এসেছে, তাদের

কথাই মনে হচ্ছে। মাননীয়া রাজ্যপালের ভাষণে বলা হচ্ছে যে, কিছু লোক দ্রবিড়সমিক্ষ প্রণোদিত হয়ে, তাদের পশ্চিমবাংলায় ফিরিয়ে নিয়ে এসেছে। এটা কতখানি দুরহীন, কত বড় সহানুভূতিহীন উচ্চি, সেটা বুঝতে পারলেন না। অতল্পন্ত দৃঢ়খের কথা, আজ তাঁরা বুঝতে পারলেন না, আজকে যারা আমাদেরই আস্তীয়-পরিজন, যারা আমাদের ভাষাভাবী, তাদের সঙ্গে আমাদের একটা রন্তরে সম্বন্ধ অচ্ছে, তাদের আজ বাধ্য হয়ে, রাজনৈতিক কারণে পশ্চিমবাংলার বাইরে পুনর্বাসনের জন্য পাঠাতে হচ্ছে, তাহলে তাদের সঙ্গে আমাদের চিরকাল একটা সহানুভূতি, দৰদ থাকবে। চিরকাল তাদের জন্য আমাদের মনের মধ্যে একটা দৃঢ়খ থাকবে, যারা আমাদের আস্তীয়, তাদের আমাদের মধ্যে রাখতে পারি নি, রাজনৈতিক কারণে বাধ্য হয়ে তাদের নির্বাসনে পাঠিয়েছি। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেংগ়ঃ এখনে রাজনৈতিক কারণ কি হয়েছে?) এটা একটা রাজনৈতিক দ্রবিড়সমিক্ষ। তিনি, কি বলতে চেয়েছেন, তা জানি না। কিন্তু কেন রাজনৈতিক দ্রবিড়সমিক্ষ প্রণোদিত হয়ে কেন লোক, ১০ হাজার উন্বাস্তুক বের্থিয়া থেকে এই পশ্চিমবাংলায় নিয়ে আসতে পারতো না, যদি না বের্থিয়ায় এমন কেন অব্যবস্থা থাকতো, যেখানে তাদের পক্ষে বসবাস করা আর সম্ভব হয় নি। আমার মন্তব্য হচ্ছে, যাঁদের এই সম্পর্কে দায়িত্ব সবচেয়ে বেশী, তাঁরা হচ্ছেন পশ্চিমবাংলার পুনর্বাসন দম্পত্র। তাঁদের কাছে আমাদের প্রশ্ন, এই বের্থিয়া থেকে চলে আসবার আগে তাদের দ্রবিড়সম্বন্ধ, সুবিধা, অসুবিধা সম্পর্কে তদন্ত করবার কোনরকম ব্যবস্থা আমাদের পশ্চিমবাংলা সরকারের তরফ থেকে করা হয়েছিল কি?

[10-40—10-50 a.m.]

কেন দ্রবিড়সমিক্ষপরায়ণ লোক তাদের উত্তেজিত করে, প্ররোচিত করে পশ্চিমবাংলায় ফিরিয়ে নিয়ে আসতে পারে এটা ভাবতেও পারা যায় না, কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এই কথা বোঝাবার জনাই প্রচেষ্টা করা হয়েছে। অথচ তাঁদের কর্তব্য ছিল, তাদের সঙ্গে ঘোগাযোগ রেখে কেন্দ্রীয় সরকার প্রদত্ত অর্থে— তাদের কি কি সুবিধা করা যায়—এদিকেই তাঁদের লক্ষ্য রাখা উচিত ছিল। কিন্তু তাঁরা তা না করে তাদের নির্বাসনে পাঠিয়ে নিজেদের দায়িত্ব থেকে মৃত্ত হয়ে, তাদের দৃঢ়খকষ্ট সম্পর্কে তাঁদের কোনরকম কর্তব্য ও দায়িত্ব আছে সে কথা পশ্চিমবাংলা সরকার বিশ্বিত হয়েছেন। নির্বাসিত উন্বাস্তুরা সেখানে বসবাস করতে পারল না, চলে এলো, কেন ইল ইন্টেনসাল্ড প্রারসনস-এর প্রোচনায়, সেটা পর্যাকার উল্লেখ নাই, অথচ সমস্ত অপরাধ তাদের উপর চাপিয়ে দিয়ে নিজেদের দায়িত্ব থেকে মৃত্ত হবার চেষ্টা করেছেন। এর চেয়ে হৃদয়হীন ব্যবহার আর কি হতে পারে? এই উন্বাস্তুরা একদিন ভারতবর্ষের স্বাধীনতার জন্য প্রাণ-বিসর্জন দিতে কুণ্ঠিত হয় নি, তাঁরা ভারতের স্বাধীনতা আলোলনে বিশিষ্ট অংশ গ্রহণ করেছে। আজকে যারা উন্বাস্তু বলে উপোক্ষিত হচ্ছে, তাঁরাই ভারতবর্ষকে গড়বার কাজে এঁগিয়ে আসবে। আজকে তাঁরা হৃদয়হীন নির্মমতার স্বার্থ উপোক্ষিত; এবং এই যে দিনের পর দিন শিশুরা না খেতে পেয়ে গারা যাচ্ছে, হাজার হাজার লোক উন্মুক্ত আকাশের নাঁচে খোলা ময়দানে পড়ে থাকে—এইরকম নির্মম উপেক্ষা আমার মনে হয় পশ্চিমবাংলা কেন, পৃথিবীর কোন দেশের মানুষ কখনো ক্ষমা করতে পারবে না। কিন্তু এদিকে রাজ্যপালের ভাষণে কেন ইঙ্গিত নাই।

তারপর, রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন, আরো কম খেতে হবে, আরো দৃঢ়খকষ্ট বরণ করতে হবে। তিনি আহৰণ জানিয়েছেন, বিশ্বতীয় পশ্চিমবার্ষিকী পরিকল্পনা সাফল্যমান্দ্রিত করবার জন্য। এ-সম্বন্ধে আমাদের মনেও কিছুমাত্র সন্দেহ নাই। আমরা জানি বিশ্বতীয় পশ্চিমবার্ষিকী পরিকল্পনা সার্থক করে তুলবার দায়িত্ব আমাদের সরকারের। কিন্তু এই পরিকল্পনা ব্যর্থ করে দিচ্ছে সরকারী নীতি। অথচ সরকার তা বুঝতে পারছেন না, এটাই হচ্ছে সবচেয়ে দৃঢ়খের ও ক্ষেত্রের কথা। সরকারী দম্পত্রগুলিতে যে দুনীতি, যে অপব্যব, যে অপচয় চলছে, তাতে বিশ্বতীয় পশ্চিমবার্ষিকী পরিকল্পনার লক্ষ্যে শেষ পর্যন্ত পৌঁছান যাবে তা বিশ্বাস করতে পারি না। আমার মনে হয়, যাতে সমস্ত পরিকল্পনা ব্যর্থ করে দিয়ে ভারতবর্ষের অগ্রগতির পথ বন্ধ করে মৃণ্টিমেয়ের স্বার্থ রক্ষা করা যায় তাঁরই জন্য সরকারের প্রত্যেক দম্পত্র পরিচালিত হচ্ছে—মৃণ্টিমেয়ের স্বার্থ রক্ষার অভিসমিতি এর ভেতর কাজ

করছে। আমার কথা হচ্ছে, এই সরকারের দুর্নীতির পরিচয় ন্তুন করে দেবার দরকার নাই—আমার কথা হচ্ছে, এরা দেশের যা নষ্ট করেছেন এটা যদি অন্য দেশে হোত তাহলে মন্ত্রীমণ্ডলীকে অবশ্যই পদত্যাগ করতে হোত। এই কিছুদিন আগে, শুনেছি গভর্নর ফান্ড থেকে বহু টাকা আঞ্চলিক করেছেন স্থানকারী একজন পদস্থ কর্মচারী। এ-ব্যবহার শুধু আমরা সংবাদপত্রে পেয়েছি, কিন্তু তারপরে এ-সম্বন্ধে কি হল কিছু জানা গেল না, সবই ধামাচাপা পড়ে গল। তারপর, দুর্নীতির কথায় নিম্নরূপ কর্তৃত্বীর কথা এসে যায়—তার নাম আজকে প্রতোকের মুখে মুখে প্রচারিত। যাই হোক, এখানে আর্ম শিক্ষাবিভাগ সম্পর্কে একটা উদাহরণ দেব। বর্তমান শিক্ষাসংবিধান ডাঃ ডি. এম. সেন, আগের ডি.পি.আই চলে যাবার পর, উন্নত পদে নিয়ন্ত্র হয়ে গান্ধি দখল করে বসেছেন। তিনি একবার একটা স্কুল পরিদর্শন করতে যান। শিক্ষামন্ত্রী গহাশয় যদি জানতে চান, আর্ম দিন, তাঁরখ সব পরিষ্কার করে জানিয়ে দেব। তিনি ইঁতাখে সরকারী খরচে, তাঁর সমস্ত ছেলেমেয়ে নিয়ে দীঘাতে একটা বিদ্যালয় পরিদর্শন করতে গিয়েছিলেন, বিদ্যালয় পরিদর্শন উপলক্ষে সরকারী ব্যয়ে সম্মত হৃষণও হয়ে গেল। যাই হোক, উচ্চ-বিদ্যালয়ের কর্তৃপক্ষের বাঢ়ীতে স্পর্শিবারে আশ্রয় নিয়েছিলেন এবং পরম আপ্যায়িত হয়ে স্পর্শিবারে ফিরে এসেছেন। এটা সামান্য ব্যাপার। কিন্তু সামান্য ব্যাপার হলেও কিরকম দুর্নীতি প্রবেশ করেছে তা এতে পরিষ্কার হবে। এই শিক্ষা-বিভাগের নেপোটিজম কিরকমভাবে চলছে তার উদাহরণ দিতে চাই। শিক্ষা-বিভাগের ডেপুটি সেক্রেটারী হয়েছেন ডাঃ ডি. এম. সেন-এর ভায়রা-ভাই—আমরা এতদিন জানতাম চোরে-চোরে, মাসতুত-পিসতুত ভাই হয়। যাই হোক, শিক্ষা-দপ্তরেও যে এ রকম সংপর্ক না হলে চাকরী পাবে না, এটা আমরা কঙ্গনাও করতে পারি না। এই সরকারের শিক্ষা-দপ্তর দুর্নীতির একটা কারখানা হয়ে উঠেছে। যদি এই দুর্নীতি থেকে সরকার নিজেকে মুক্ত না করতে পারেন তবে পণ্ডবার্থকী পরিকল্পনা যে বন্ধ হয়ে যাবে, তাতে কিছুমাত্র সল্লেহ নাই। আর্ম সহযোগিতার মনোভাব নিয়ে সরকারকে বলব, তাঁরা যেন বিরোধী পক্ষ এবং বেসরকারী উচ্চপদস্থ ও সম্মানিত ব্যক্তিদের নিয়ে একটা তদন্তের ব্যবস্থা করেন এবং এই তদন্তের ভিত্তি দিয়ে সরকারের বিভিন্ন বিভাগে কি কি দুর্নীতি রয়েছে, অপব্যয় ও অপচয় হচ্ছে, সে সম্বন্ধে একটা বিবরণ জনসাধারণের সামনে তুলে ধরেন, তাহলে তাতে সরকারের কুণ্ঠিত হবার কারণ নাই। সরকারের এটা বুঁবা উচ্চত যে, এতে যদি সরকার দুর্নীতি দ্রু করতে পারেন, অপচয়, ও অপব্যয় বন্ধ করতে পারেন তাতে সরকার অপমানিত হবেন না, তাতে বরং সরকার জনসাধারণের শুধুভাজন হবেন। এই দুর্নীতির পিছনে, এই অপচয় ও অপব্যয়ের পিছনে, সরকারের প্রশ্না, উৎসাহ ও সংযোগ আছে বলে এমন একটা বদনাম গড়ে উঠেছে যে, সরকার যে তা থেকে মুক্ত, তার জন্য পরিষ্কার করে দুর্নীতি সম্পর্কে একটা বেসরকারী তদন্তের ব্যবস্থা করা উচিত।

[10-50—11 a.m.]

তারপর, ট্যাঙ্ক প্রাকচার, বিভিন্ন ব্রকমের কর আদায়ের ব্যবস্থা হচ্ছে। কর আদায়ের এখন বাংলাদেশকে অপ্রতিবন্ধবী বলতে পারি, কারণ, এবার চো কোটী টাকা ট্যাঙ্কের ব্যবস্থা হল। বোধ হয় বোম্বাইকে বাংলাদেশ ছাড়িয়ে যাবে। কারণ এখনও পর্যন্ত বাংলাদেশ শুধু বোম্বাইয়ের দিকে তাঁকিয়ে বলতে পারে যে, ভারতের মধ্যে আর একটা রাজ্য আছে, যদের ট্যাঙ্ক আমাদের চেয়ে বেশী। কিন্তু আমার মনে হয় যে, বাংলা বোধ হয় সেই গোরব আর স্বীকার করতে রাজী নয় এবং সেই জনাই কি করে বোম্বাইকে ছাড়িয়ে যাওয়া যায়—জনসাধারণের বাড়ে ট্যাঙ্কের বোরা চাঁপয়ে, মরার উপর খাঁড়ার ঘা দেবেন—সেই ব্যবস্থা করেছেন। প্রোফেসর কালভার পরিষ্কার বলেছেন যে, সারা প্রথিবীতে কোথাও এরকম ট্যাঙ্ক স্বীকচারের ব্যবস্থা নেই, সারা প্রথিবীতে কোথাও দর্যন্ত জনসাধারণের উপর এত করভারের বোঝা চাঁপয়ে দেবার ব্যবস্থা নেই। এ-কথা পরিষ্কার বলে গেছেন। কিন্তু রাজপাল মহোদয়ার ভাষণে ট্যাঙ্ক প্রাকচার বদলে যারা ধনী থেকে আরো ধনী হচ্ছে, তাদের কাছ থেকে অর্থ নিয়ে দেশের পরিষ্কারনাকে সার্থক করা হবে এরকম কোন ইঙ্গিত নেই। অবশ্য আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট স্পৰ্চ দিয়েছেন, তার ভেতর এ-সম্পর্কে তিনি কিছুটা মন্তব্য করেছেন। সেটা এখন আলোচনা করা অপ্রসঙ্গিক হবে। কিন্তু এ-কথা পরিষ্কার

বলছ যে, এই যে করের ব্যবস্থা আছে—পরোক্ষ করের ব্যবস্থা, এটাকে বদলে এমন একটা দ্বিবিধা করতে হবে যাতে যাদের হাতে ধনসম্পদ আছে তাদের হাত থেকে ধনসম্পদ নিয়ে পরিকল্পনাকে সার্থক করে তোলা যায়। অবশ্য আমরা জানি যে, পশ্চিমবঙ্গ সরকার বলবেন যে, আমাদের সংবিধানে বাধা আছে, কারণ সংবিধানানুযায়ী সমস্ত শিল্প বা সম্পদের উপর ট্যাঙ্কের দারিদ্র্য হচ্ছে কেন্দ্রীয় সরকারের। কিন্তু তার মধ্যে ষেট লিষ্ট যা আছে, তাতে দেখেছি যে একটু বিচার বিবেচনা করে অগ্রসর হলৈ, সাহস নিয়ে অগ্রসর হলৈ, পূর্ণজপতি মাড়োয়ারীদের অসমৃষ্ট করবার মত একটা সাহস নিয়ে যদি আপনারা এগিয়ে যেতে পারেন, তাহলে আর্য এ-কথা বলতে পারি যে, ষেট লিষ্টে যে-সমস্ত ট্যাঙ্ক আমাদের আছে তা থেকে অনেক কিছু করা যায়। এবং এ ব্যাপারে যদি তাঁরা আমাদের পরামর্শ চান তাহলে আমরা সেই পরামর্শ দিতে পারি, যাতে ধনীর উপর ট্যাঙ্কের বোৰা চাঁপয়ে দিয়ে দরিদ্র জনসাধারণের উপর থেকে ট্যাঙ্কের বোৰা কাময়ে নেওয়া যায়।

দ্বিতীয় হচ্ছে, অপচয় সম্পর্কে। আমাদের ২৯ জন মন্ত্রী আছেন, আবার নাকি ৪ জন পার্লার্মেন্টারী সেক্রেটারী হবেন, ইইপ হবেন। এই যে অপচয়, এই অপচয়টা কি মন্ত্রীমহাশয়রা করিয়ে ফেলতে পারেন না? এর আগে অবশ্য আমার বন্ধুবর রবিন্দ্র সিংহ মহাশয় কেরালার কথা বলতে চটো গিরেছিলেন, কিন্তু আমাকে আবার সেই কেরালার কথা বলতে হচ্ছে যে, সেখনকার মন্ত্রীমহাশয়েরা যদি বলে থাকতে পারেন যে, তিনশে টাকা মাইনা নিয়ে তাঁরা মন্ত্রীস্বরূপ চালাবেন, তাহলে আমাদের এখানে যাঁরা দেশ-সেবার কাজে এগিয়ে এসেছেন, মন্ত্রীমহাশয়েরা কি বলতে পারেন না যে, আমরা এত টাকা মাইনা না নিয়ে আমরা আমাদের কোমরের দড়ি আরো শক্ত করে বাঁধবো এবং জনসাধারণের পাশে গিয়ে দাঁড়াবো? একথা বলতে গেলে সাথে সাথে সরকার পক্ষ থেকে জবাব আসে যে, দারিদ্র্য বল্টে করে লাভ নেই, এই করেকজন মন্ত্রীমহাশয়ের মাইনা করিয়ে দিলে তাতে যে-কটা টাকা বাঁচবে তা যদি খাগ করে দেওয়া যায় তাহলে এক পাই করেও লোকের পড়বে না। কিন্তু এটা তা নয়, এটা হচ্ছে মনোভাবের পরিবর্তন, দ্রষ্টব্যের পরিবর্তন, উৎসাহ স্টিটুর জন্য এটা প্রয়োজন। আজকে যদি দেশের লোক বোঝে যে, তাদের দ্রষ্টব্যের সমান অংশদীর হচ্ছেন আমাদের যায় উচ্চস্তরের লোক তাঁরা, এবং তাঁরাই ঠিক সমানভাবে দেশের পরিকল্পনাগুলিকে সার্থক করবার জন্য অগ্রসর হচ্ছেন, তাহলে তাদের মধ্যে যে উৎসাহ এবং উন্দীপুনা দেখা দেবে সেই উৎসাহ এবং উন্দীপুনার সামনে তাদের দারিদ্র্য, অভাব-অভিযোগ কখনও বড় হয়ে দেখা দেবে না। আমরা দেখেছি যে, ইংরাজ আমলে শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষের কোনই প্রয়োজন হয় নি, কিন্তু আজকে আমাদের এই গ্রীষ্মমণ্ডলের অধিবাসী মন্ত্রীমণ্ডলীর কক্ষে শীতাতপ নিয়ন্ত্রণের জন্য কয়েক লক্ষ টাকা বায় করবার প্রয়োজন হয়ে গেল। যখন আমাদের এই মন্ত্রীমণ্ডলী বাগানবাড়ীতে বসে কেবল জনসাধারণকে স্বার্থ্যত্যাগ ও কষ্ট-বরণের উপদেশগুলি দেন তখন কিছুতেই জনসাধারণের মনে উৎসাহ এবং উন্দীপুনা আসতে পারে না, কিছুতেই তার ভাবতে পারে না যে, যে-সমস্ত পরিকল্পনা হচ্ছে সেগুলি জনসাধারণের স্বার্থেই হচ্ছে, ব্যাক্তিগত স্বার্থে বা পূর্ণজপতির স্বার্থে নয়। কাজেই একস্ট্রাভেগেস কি করে কমানো যায়, সে সম্পর্কে আমরা মনে হয় গোড়া থেকেই এই সরকারের একটা তদন্ত কর্মিটি কৰ্ম্ম প্রয়োজন এবং সরকারী ও বেসরকারী সর্বস্তরের লোক নিয়ে এই কর্মিটি তৈরী হওয়া উচিত।

তারপরে বেকার সমস্যা—বেকার সমস্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। পরিকল্পনাগুলির খুব কাঁচি চারিদিকে ঘোষণা করা হচ্ছে, নির্বাচনের সময় ত সবচেয়ে বড় হাত্তিয়ার হিসাবে তাঁরা তুলে ধরেছিলেন, তাদের এই সমস্ত পরিকল্পনাগুলিকে। কিন্তু এই পরিকল্পনা কাদের জন্য? জনসাধারণের জনাই ত এই সমস্ত পরিকল্পনা। কিন্তু যদি জনসাধারণ না থেকে পেয়ে উদ্যোগনে প্রাপ্ত ত্যাগ করতে বাধ্য হয়, তাহলে এই পরিকল্পনাগুলি শম্ভুমানের উপর অত তৈরী করার মতই হয়ে থাকবে। দিনের পর দিন যে বেকার সমস্যা বেড়ে যাচ্ছে, সমস্ত কলকারখানাগুলি বধ হয়ে যাচ্ছে, দিনের পর দিন কলকারখানাগুলি থেকে সব মজুর ছাঁটাই হচ্ছে, শিক্ষিত ভদ্র লোকদের মধ্যে যে বেকার সমস্যা দেখা দিয়েছে, সে সম্পর্কে এই সরকার কোনাদিন যে একটা অনুসন্ধান করেছেন বা এই সমস্ত সমস্যাগুলি সমাধানের

একটা চেষ্টা করেছেন, তার কোনরকম ইঁগিত আমরা পাই নি। আমি আশা করবো যদিও রাজপাল মহোদয়ার ভাষণে এর কোন ইঁগিত নেই, বাজেটের ভেতর বা অন্য কোন জায়গায় এসম্বন্ধে সম্পর্ক একটা ইঁগিত আমরা পাবো, এই সমস্যা কি করে দ্বার করা যায়, সে সম্পর্কে সরকার গভীরভাবে চিন্তা করছেন। খাদ্য-সমস্যা সম্পর্কে ব্যবস্থা বলা হয়, তখনই আমরা শুনতে পাই যে, খাদ্যের ত কোন অভাব নেই, দ্বিতীয় ত দেশে নেই, খাদ্য প্রচুর আছে, কিন্তু অস্থির্বিধ হচ্ছে যে, লোকের ক্ষয় ক্ষমতা নেই। আবার যখন এই সমস্ত প্রামিক কর্মদের পক্ষ থেকে বলা হয় যে আমাদের বেতন বাড়িয়ে দেওয়া হোক, যাতে আমাদের ক্ষয়-ক্ষতি বাড়ে, যাতে আমরা চড়া দায়ে জিনিয়পত্র কিনতে পারি, সেই ব্যবস্থা করে দেওয়া হোক তখন দেখা যায়, সরকার বলেন যে, না, এদিক থেকে সরকার আর ন্তৰ করে কিছু ভাবতে পরেন না। এই সঙ্গে সরকারী কর্মচারী ইউনিয়ন সম্পর্কে আজকের দিনে কিছু না বলে পারা যায় না। বাস্তবিকই কোন সরকারের যে এতটা প্রতিশোধমূলক মনোভাব থাকতে পারে, এ কল্পনা করা যায় না। যে-সমস্ত দৃঢ় কর্মচারীরা তাঁদের ছেলেমেয়েদের মধ্যে দৃঢ়ত্ব অন্নের জন্য মহার্থ ভাতা ব্যক্তির দাবী করেছিলেন, সেই কর্মচারী সর্বিতর যাঁরা নেতৃত্ব ছিলেন, তাঁদের চাকরী থেকে বরখাস্ত করা হয়েছে। এর চেয়ে লঞ্জার বিষয় আর থাকতে পারে বলে আমরা মনে করি না। আমি মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাবো যে, এইরকম প্রতিশোধমূলক নীতি তাঁরা যেন গ্রহণ না করেন। প্রতোক জনসাধারণেরই তাঁদের নিজেদের দৃঢ়-দৃঢ় অবসানের জন্য কাজ করবার অধিকার আছে, সেই অধিকার মেন এই সমস্ত কর্মচারীদের বেলায়ও তাঁরা স্বীকার করেন। সেদিক থেকে আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাবো যে, যাঁরা এই আলোলনে নেতৃত্ব গ্রহণ করেছিলেন, তাঁদের মেন তিনি বরখাস্ত না করেন। সঙ্গে সঙ্গে এও অনুরোধ জানাবো, তাঁরা মেন এইরকমভাবে প্রথমে ২ টাকা বাড়াবো, তারপর ৫ টাকা বাড়াবো, এরকম মনোভাব গ্রহণ না করেন। বাস্তবিকই এই কয়েক মাসের মধ্যে জনসাধারণের খরচ অনেক বেড়ে গেছে—লিভিং ইনডেক্সে এটা দেখা যাচ্ছে। কাজেই সরকারী এবং বেসরকারী কর্মচারীদের যাদি উপযুক্ত ডিয়ারনেস প্রালাউয়েলস দেওয়ার ব্যবস্থা করেন, তাহলে ইকনোমিক প্র্ট্রাকচার টিকে থাকতে পারে, তা নাহলে দেশের ইকনোমিক প্র্ট্রাকচার যে কোলাপ্স করবে এই বিষয়ে কিছুমাত্র সদেহ নেই। সরকারের স্বার্থে, জাতীয় স্বৰূপে, সকলের স্বার্থে এ সম্পর্কে সম্পর্ক পে অবিহত হবার জন্য আমি সরকারকে অনুরোধ করছি। এর সঙ্গে সঙ্গে শিক্ষক মহাশয়দের মহার্থ ভাতার কথা স্বাভাবিকভাবে এসে পড়ছে। আমাদের দাবী ছিল যে, ৩৫ টাকা মহার্থ ভাতা দিতে হবে বিদ্যালয়ের শিক্ষকদের এবং অন্যান্য কর্মচারীদের। সরকার বললেন যে, সাড়ে সতের টাকা সরকারের পক্ষ থেকে দেওয়া হবে, আর সাড়ে সতের টাকা দিতে হবে স্কুলের পক্ষ থেকে এবং তার মধ্যে সর্ত করে দিলেন যে, এই যে সাড়ে সতের টাকা বিদ্যালয়ের পক্ষ থেকে দেওয়া হবে সেটা বিদ্যালয়ের স্বার্থাবিক আয় থেকে দিলে চলবে না, সেটা অন্যভাবে আয় বাড়িয়ে যাব বিদ্যালয়ের পক্ষ থেকে দেওয়া হয় তাহলে পর সাড়ে সতের মহার্থ ভাতা সরকারের পক্ষ থেকে দেওয়া হবে।

[11—11-10 a.m.]

যার ফলে হচ্ছে যে, শতকরা ৮০ জন শিক্ষককে একটা মিথ্যার আশ্রয় নিতে তাঁরা বাধ্য করেছেন। শিক্ষকদের অসহায় অবস্থার, তাদের দারিদ্র্যের সুযোগ নিয়ে সরকার তাদের এইরকম অপ্রয়ান্তর পথ অবলম্বন করতে বাধ্য করেন। ১৭॥ টাকা বিদ্যালয় থেকে না পেলেও তার আজ অসহায়তা ও দারিদ্র্যের জন্য সাড়ে সতের টাকা পেয়েছে এই কথা বলতে বাধ্য হচ্ছে সরকারের নিকট থেকে তাঁদের দেয় ১৭॥ টাকা নেবার জন্য। এর চেয়ে অপমানকর কাজ সরকারের পক্ষে হতে পারে না। আমরা সরকারকে বার-বার জানিয়েছিলাম যে, আপনাদের যাদি ৩৫ টাকা দেবার সামর্থ্য না থাকে তাহলে এই সাড়ে সতের টাকা বিনাসর্তে শিক্ষকদের দিন, যাতে শিক্ষকেরা পরিষ্কার ঘোষণা করতে পারে যে, তারা বাস্তবিক বিদ্যালয় থেকে মহার্থ ভাতা হিসাবে কিছু পাচ্ছে না। কিন্তু সে পথ বর্ধ কেরে শিক্ষকদের একটা মিথ্যা পথে যাবার ব্যবস্থা করছেন। সেইজন্য সমস্ত শ্রেণীর লোকদের সঙ্গে সঙ্গে আমরা শিক্ষক সমাজের পক্ষ থেকে এই দাবী জানাব যে, সাড়ে সতের টাকা মহার্থ ভাতা যা সরকার ১৯৫৮

সালে দেবেন বলোছিলেন, আজ ১৯৫৪ সাল থেকে জীবিকার মাল এত বেড়ে গিয়েছে যে, আগে যে দাবী ছিল, যে সরকারকে ৩৫ টাকা মহার্ঘ ভাতা দিতে হবে, প্রত্যেক বেসরকারী বিদ্যালয়কে মেট দাবী আবার আমরা উত্থাপন করছি।

এবাব 'শিক্ষানীতি সম্পর্ক' দ্বাই-একটি কথা বলব। আমরা জানি না যে, রাজ্যপাল মহোদয়ার শিক্ষা-উপদেষ্টার বাস্তুবিক জামাবার আগ্রহ আছে কি-না যে শিক্ষা-জগতে বিভিন্ন কামটি বা কর্মশন যে রিপোর্ট দিয়েছেন, তা ভাল করে প্রশংসন করলে রাজ্যপাল মহোদয়ার ভাগ্যে যে অসতা বা ভুল উত্তি রয়েছে, সেই উত্তি ভারতবর্ষের সমস্ত জায়গায় এবং এখন কি বহিজগতেও যাবে এবং তা নিয়ে সমালোচনা ও হবে, তখন মনে হবে যে, দেশের সরকারের পক্ষ থেকে যে নীতি ঘোষিত হচ্ছে তাতে কি কোরে এরকম অন্ধ্র সত্তা জিনিয় লিখিত হতে পারে এ-কথা বাহিরের লোক কল্পনা করতে পারবে না এবং বাহিরের লোকের চোখে পশ্চিমবঙ্গের শিক্ষক সমাজ ও বাস্তবিকপক্ষে শিক্ষা-দ্বন্দ্বের নিলম্বনীয় হবেন। এখানে বলা হচ্ছে—

"After careful consideration of reports of various Education Commission and Committees my Government have formulated the policy of educational development up to secondary stage."

কিন্তু এখানে নির্খিল-বঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে বার বার সরকারের দ্রষ্টি আকর্ষণ করে নেওয়া হয় যে, সরকার যে ১১শ শ্রেণীর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় করবার চেষ্টা করছেন এর স্পৃহারিশ স্বাধীন ভারতবর্ষে যে-কটা শিক্ষা কর্মশন বসেছে, তাঁরা কেউ করেন নি এ-কথা অৰ্থাৎ এখনও সরকারপক্ষীয় সদসাদের জানাছ এবং শিক্ষা-দ্বন্দ্বেরকে জানাতে চাইছ যে, কোন কর্মশনই এই ১১শ শ্রেণীর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্পৃহারিশ করেছেন এটা যদি দেখাতে পারেন তাহলে অৰ্থাৎ কৃতজ্ঞ হব এবং আমাদের যে অভিমত আছে সেটা শুন্বরে নেবার চেষ্টা করব। রাধাকৃষ্ণ কর্মশনের রিপোর্টে দেখাই, তাঁরা বলেছেন—

"In U.K. and U.S.A. and most European countries like Germany, France and Switzerland at least 12 years schooling are necessary before a student enters a University. In India most of the work done in the universities is really school work and should properly be regarded as pre-university work as in U.K. and U.S.A."

কাজেই দেখা যাচ্ছে রাধাকৃষ্ণ কর্মশন স্বাদশ বৎসরের শিক্ষার কথা বলেছেন। মুদ্দালিয়র কর্মশনের অপব্যাখ্যা করবার চেষ্টা সরকার পক্ষ থেকে করা হয়েছে। সেখানে বলা হয়েছে—

"After four or five years of primary education there will be secondary education divided into two stages."

এথৰ্টি দ্বিতীয় স্তরে মাধ্যমিক শিক্ষাকে বিভক্ত করা হচ্ছে, একটা মাধ্যমিক স্তর, সেটা ৩ বছরের, ধার একটা উচ্চতর স্তর, সেটা ৪ বছরে। মোটামুটি ৭ বছরের শিক্ষার ব্যবস্থা তাঁরা করছেন। সকলেই জানেন যে, মুদ্দালিয়র কর্মশন প্রাইমারী এডুকেশন সম্বন্ধে কিছুই প্রস্তুত পারেন নি, তাদের টার্মস অফ রেফারেন্স-এ সেকেন্ডারী এডুকেশন-এর সম্বন্ধেই বলবার এখন ছিল। বিভিন্ন রাজ্যে বিভিন্ন ব্যবস্থা আছে বলে তাঁরা বলেছিলেন যে, ৪।৫ বছর শিক্ষার পর ৭ম বছরে তার মাধ্যমিক শিক্ষার ব্যবস্থা করতে হবে। এই অপব্যাখ্যা বিশেষ করে পশ্চিমবঙ্গ রাজ্য-সরকারের পক্ষ থেকে হওয়ার ফলে ডাঃ লক্ষ্মণস্বামী মুদ্দালিয়র এর বিবরণে প্রতিবাদ করতে বাধ্য হয়েছিলেন। সেই বিবরণের ভাষা অৰ্থ এখানে উত্তৃত কোরে স্মৃকার পক্ষকে জানাচ্ছি—

There has unfortunately been a confusion and therefore a conflict as to the total number of years that ought to be proper for the period of secondary education, and to this day in many States and particularly in this State of West Bengal there is a controversy raging whether it should be 11 or 12 years. Whatever may be the financial difficulty of the State in implementing the reforms let us hope that the pattern of education that has been suggested will not be whittled down on financial grounds. The States should realise that no proper type of education can be given up to the end

of the secondary stage unless a pupil undergoes 12 years—8 years to be compulsory and four years of higher secondary school stage.

এই হচ্ছে মুদ্দালিয়র কর্মশনের কথা—যার সভাপতি ছিলেন ডাঃ লক্ষ্মণস্বামী মুদ্দালিয়র। দে কর্মশন পার্শ্ববর্ণনা সরকার বিসিয়েছিলেন এবং তার সদস্য ছিলেন শ্রীঅনাথনাথ বসু। তিনি বলেছেন ১২ বছর শিক্ষাকাল হওয়া উচিত। অথচ রাজ্যপাল মহাশয়ার উপদেষ্টা যিনি এই শিক্ষা বিষয়ে তিনি শিক্ষাগ্রন্তি। তিনি কি কোরে অসতা ভাষণ রাজ্যপাল মহাশয়ার ভাষণের মধ্যে লিপিবদ্ধ করতে পারলেন যে, আমরা কর্মশনগুলির সম্পাদিত অনুযায়ী শিক্ষা সংস্কারের কাজে অগ্রসর হচ্ছি। এটা শুধু অনুষ্ঠানিক প্রশ্ন নয় যে, ৩ বছরের উচ্চতর মাধ্যমিক শিক্ষা হবে না ৪ বছরের হবে। এটা একটা সৌজন্যল কেয়েশেন। এর উপর এই মাধ্যমিক শিক্ষা সংস্কারের সার্থকতা ও ব্যর্থতা অনেকাংশে নির্ভর করে। কিছু কিছু অসুবিধা আছে তা রাজ্য-সরকার জানিয়েছেন। তবে ৪ বছরের মাধ্যমিক শিক্ষার পর্যায়কে ৩ বছরের করার ফলে দেখা যাচ্ছে যে, ছেলেমেয়েরা যখন কৌতুহল চগ্নি, তাদের শারীরিক ও মানসিক ব্র্যান্ডিংল নিত্য পরিবর্ত্ত হয়ে ন্তন রূপ গ্রহণ করছে, যখন আর্থ ১৩।১৪ বছর ছাত্রাপীদের বয়স, তখন সেই ছেলেমেয়েদের গায়ে 'স্টৈল-জ্যাকেট' পরিয়ে দেবার চেষ্টা করছেন, তখন তাদের চড়ান্তভাবে বলে দেওয়া হচ্ছে যে, ভাৰ্বিষাতে তোমরা বৈজ্ঞানিক হবে, না, দার্শনিক হবে, না, কাৰিগৱ হবে, না, কৃষি-বিভাগে জীৱন-হাপন কৱাৰে। যে-পৰ্যন্ত ছেলেদের শারীরিক এবং মানসিক বিকাশ স্থায়ীভাৱে লাভ না কৰে, নিত্য ন্তন কৌতুহল যখন সংষ্টি হচ্ছে, এবং সেই কৌতুহল কোন রূপ নেবে, তা পরিকার জনার উপায় যখন নাই, সে মুহূৰ্তে ছেলেমেয়েদের বলে দেবেন যে, তোমাকে বিজ্ঞান পড়তে হবে, তোমাকে বাণিজ্য পড়তে হবে, তোমাকে কৃষি পড়তে হবে। তার অর্থ ছাত্রের কি প্ৰবণতা, তার কি বোঁক, সেটা উপেক্ষা কৰে তার উপৰ লোহার জামা পরিয়ে দেওয়া হচ্ছে। এ যেমন চীনা মেয়েদের কথা অনেকে শুনেছেন যে, তাদের লোহার জুতা পারিয়ে বাধা হ'ত পা ছোট কৱাৰাব জন্য, যখন তাদের পা বাড়াবাৰ মুখে সেই সময়। এও সেইৰকম বলা চলে। তার ফলে দেখতে পাইছ যেখানে ১৩ শ্ৰেণীৰ বিদ্যালয়গুলি আৰম্ভ কৰা হয়েছে, সেখানে শিক্ষক পাওয়া মুস্কিল হয়েছে, এবং কেন ছেলেকে কোন প্ৰৱেশ পাঠাবেন সেটা সৱকার অনুধাবন কৱছেন না। তার কাৰণ, বাস্তীবিক এই মনস্তত্ত্বের দিক থেকে এটা সম্ভব নয়, কিন্তু অন্যান্য দিকে সেই মনস্তত্ত্বকে সাহায্য কৱাৰাব জন্য যে-সমস্ত বিভিন্ন চেষ্টা, মেসারেনেট ওডেড গাইডেস-এৰ বাবস্থা না কোৱা, হঠাতে শিক্ষকদেৱ বলে দেওয়া হ'ল যে, সেই ছেলে কোন বিষয়েৰ শিক্ষায় শিক্ষিত হয়ে উঠবে, তা নিৰ্ধাৰণ কৱা।

[ 11-10—11-20 a.m. ]

এই যে চেষ্টা হচ্ছে, এটা শিক্ষা-বিজ্ঞান বিৱোধী সম্পূৰ্ণভাৱে। তার ফলে এই শিক্ষা-বাস্থা শিক্ষা সংস্কারেৰ জন্য যে কোটী কোটী টাকা সৱকার বায় কৱছেন, তা সম্পূৰ্ণ অপৰ্যাপ্ত হবে। শুধু তাই নয়, চার বছর থেকে তিনি বছরে সংক্ষিপ্ত কৱাৰাব ফলে দেখা যাচ্ছে এই ১৩।১৪ বছরেৰ কিশোৱা কিশোৱাৰীৰ উপৰ দশটা-এগারটা বিষয়েৰ বোৰা চাপিয়ে দেওয়া হচ্ছে। যাৰ ফলে তাদেৱ মানসিক এবং দৈহিক বিকাশ এই বোৱাৰ চাপে সম্ভব হবে না। ভাৰতীয় সাহিত্যেৰ মধ্যে যে জীৱ-শৰীৰ পণ্ডিতেৰ ছাৰ আছে, এতেও দেখতে পাইছ সেইৰকম পণ্ডিত তৈৱৰী কৱাৰাব একটা প্রচেষ্টা, শুধু গলাধ়কৱণেৰ চেষ্টা। তার পেছনে কোটী কোটী টাকা খৰচ কৱা হচ্ছে মাত্ৰ, এৱে আৱ কোন সার্থকতা থাকছে না।

আমাৰ প্ৰধান বক্তব্য হচ্ছে সৱকাৰী ভাষণে বলা হয়েছে সৱকাৰ কর্মশনগুলিৰ মতামত নিয়ে শিক্ষা সংস্কাৰ কাৰ্য্যা বৃত্তী হয়েছেন।

### SJ. Mohitosh Rai Choudhuri:

এ বিষয়ে যথেষ্ট বিবেচনা কৱে আফটাৱ কমিসডারিং ইট কৱা হয়েছে।

### Sj. Satya Priya Roy:

তাহলে বলুন, তাদের মতামত অগ্রাহ্য করেই এই শিক্ষা সংস্কার কার্য্য সরকার প্রতীক্রিয়া দেওয়া হয়েছেন। যে শিক্ষা কমিশন শিক্ষা বিশেষজ্ঞ নিয়ে গঠিত হয়েছিল, তার মতামত অগ্রাহ্য করবার কোন অধিকার শিক্ষা-বিভাগের আছে? এই কমিশনগুলির সুপারিশগুলি তাঁরা দম্পত্তির ভিত্তি অগ্রাহ্য করে তা ন্যূনত্ব আকারে এনে মিথ্যা করে প্রচার করছেন যে, কমিশনের দম্পত্তির উপর ভিত্তি করে সরকার এই শিক্ষা সংস্কার কার্য্য অগ্রসর হচ্ছেন। এর চেয়ে নির্ভুল আর কিছু হতে পারে না। রাজশাস্ত্রালকার শিক্ষা উপদেষ্টা কি করে এই উচ্চ করতে প্রস্তুত, তা আর্মি একজন শিক্ষক হিসেবে ব্রতে পারিব না। তিনি বলেছেন—

....it should be possible for improved and reorganised secondary schools to cover education up to the Intermediate Course in 11 years instead of 12 years as at present thus making a saving of one year.....

শিক্ষা জগতে আজকে ছেলের বয়সের সময় বাঁচাবার নীতি কেন প্রগতিশীল দেশ গ্রহণ করছেন না। আজ প্রগতিশীল দেশগুলি ব্রুকেতে প্রেরেছে তাদের ১১ বছরের শিক্ষা-নীতির প্রাথমিক কর্তব্য শেষ হয়েছে। ইংল্যান্ড ১৫ বছরের আবশ্যিক শিক্ষা-নীতি গ্রহণ করেছেন। সেখানে আল্দেলন চলেছে শিক্ষাকাল বাঁচিয়ে ১৬ বৎসর করতে হবে। আজকে আমেরিকায় ১৭।১৮ বৎসর আবশ্যিক শিক্ষাকাল করা হয়েছে। এক বছর কি করে শিক্ষাকাল বাঁচিয়ে নেব -সেটা শিক্ষা সংস্কারের মূল নীতি হওয়া উচিত নয়, যা আম্য কোন জায়গায় নাই। আর সেখানে আমাদের দেশে ১১ বছরের প্রাক-বিশ্ববিদ্যালয় নীতিতে কি শিক্ষা ছেলেরা লাভ করবে জানি না। তারপর দেখিছ—সঁজুখ ফরম, সেখানে ঐ দু-বছর শিক্ষাকালের পর ছেলেরা বিশ্ববিদ্যালয়ে প্রবেশের যে পরীক্ষা, তা দিতে পারবে। ফ্রাসে দেখা যাচ্ছে, ফাস্ট পার্ট দশ বছর; সেটা শেষ করে সেকেন্ড পার্ট-এ বিশেব বিদ্যালয়ে ঢুকতে হবে। সেখানে দেখা যাচ্ছে ধ্রুবো দু-বছর করে পড়তে হচ্ছে। তাতে সন্তুষ্ট না হয়ে আরো এক বছর যোগ করে দেওয়ার চেষ্টা হচ্ছে ফ্রাসী দেশে—প্রিপেরাটরী কেসেস ট্রি দি ইউনিভার্সিটি। সেখানে ইন্টারিমার্ডিয়েট হোস্স এবং আমেরিকায় ১৭।১৮ বছর মাধ্যমিক শিক্ষার পরেও তাঁরা প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত করেছেন, জ্ঞানয়র কলেজ স্টেজ ইন্ট্রোডিউস করবেন। তার কেস দু-বছর। আমাদের ইন্টারিমার্ডিয়েট স্তরের মত হবে—সেকেন্ডারীর পর ন্যূনত্ব করে বিমাস করবার চেষ্টা স্বরাচ্ছেন। সংস্কৃত দেশে দেখা যাচ্ছে ১২ বছরের ক্লাস কিছুতে প্রাক-বিশ্ববিদ্যালয় শিক্ষা সমাপন করা সম্ভব নয়। সেখানে আগামী দেশের ছেলেমেয়েরা কি করে তা ১১ বছরে সম্পন্ন করে প্লাজে জানি না। অবশ্য জনাব ইন্ডিয়ান কবীর, তিনি যথন কেন্দ্রীয় শিক্ষা-দপ্তরের সাংঘ ছিলেন, তখন কতকগুলি অল্পভূত যুক্তি এ জীবনস্টা সমর্থন করে গেছেন। তার একটা যুক্তি হচ্ছে, আমাদের দেশের ছেলেমেয়েরা নারীক ডাক্তাতাড়ি বেড়ে যায়, অকালে পেকে যায়। অন্য দেশে যারা ১২ বছরে পর্যবর্গিত লাভ করে, আমাদের গরম আবহাওয়ায় তারা ১১ বছরে পেকে ওঠে। নিচতীয় যুক্তি, তিনি বলেছেন আমাদের দেশের লোকজনের আব্দু যথন অনেক কম, তখন আর আমারা ওদের মত ১২ বছর ব্যব করতে পারবো না। তাই আমাদের শিক্ষাকাল কাময়ে এনে এর মধ্যে আমাদের জীবন-যাত্রার একটা ব্যবথা করে নিতে হবে। এই যদি যুক্তি হয়, তাহলে তিনি স্বীকার করে নিয়েছেন প্রকৃতির অভিশাপ না হ'লেও ভারতবর্ষের শাক কখনও প্রগতিশীল দেশের লোকের সঙ্গে সমকক্ষতা লাভ করে কাজ করতে পারবে না, তাদের সঙ্গে সমান তালে পা ফেলেও চলতে পারবে না। এখনে আবুর স্বত্ত্বপত্তি, কাজেই এখনকার প্রচেষ্টাও ক্ষুণ্ণ হতে বাধ্য।

অনেক সংযুক্তসম্পন্ন লোকের মুখে শুনোছ যে, আমরা বিদেশী ভাষায় যদি ১২ বছর ইন্টারিমার্ডিয়েট পড়তে পারি, তাহলে বাংলায় পড়লে ১১ বছরে কেন সেটা আরো হড়াতাড়ি শেষ করতে পারবো না? তার বিবরণে আমার যুক্তি হচ্ছে, ইংল্যান্ড ও ফ্রাস, তারা তে আর বিদেশী ভাষায় পড়ে না, নিজের ভাষায় পড়ে। তবু, তারা ১২ বছরের আগে প্রাক-বিশ্ববিদ্যালয় শিক্ষা সমাপন করতে পারছে না। অতএব আমাদের দেশে ১১ বছরে তা কি করে সম্ভব হবে ব্যাখ্যা না।

তারপর একটা জিনিস—ইল্টারামিডিয়েট স্ট্যান্ডার্ড—এ যে জিনিস আছে, এ যদি থাকে, তাহলে শিক্ষার মানের উন্নতির কথা বাদ দিয়ে মাধ্যমিক শিক্ষা স্বরং-সম্পূর্ণ করবার বে উদ্দেশ্য সামনে রাখি, সে উদ্দেশ্য ব্যর্থ হয়ে থাবে। মাধ্যমিক শিক্ষা যদি স্বরং-সম্পূর্ণ না হয়, তাহলে মাধ্যমিক শিক্ষার পরে বিভিন্ন ব্যক্তিতে যেতে হলে পর মাধ্যমিক শিক্ষা যে স্তরে আছে, তা থেকে উচ্চতে তুলে দিতে হবে।

[At this stage the blue light was lit]

**Mr. Chairman:** Mr. Roy, try to finish early. You have already spoken for 50 minutes.

**SJ. Satya Priya Roy:** This is really an opportunity to criticise the general policy of this Government. That is why I am taking a little more time but I shall finish as quickly as possible in obedience to the Chairman's directions.

এই সম্পর্কে রাজ্যপালিকা মহোদয়ার ভাষণে যে-কথা আছে, সেই উন্নতি অসত্তা বা অর্ধসত্তা। সে উন্নতি কি করে এখানে স্থান পেল, তা ব্যবেত্তে পার্বাছ না।

তারপর শিক্ষকদের মহার্থ ভাতা সম্পর্কে আগেই বলেছি। তবে সরকারের পক্ষে নিম্ননৈয়ি ব্যাপার হয়েছে যে, আমাদের আন্দোলনের পরে মহার্থ ভাতা বৃদ্ধি করেছিলেন। অন্তত আমাদের যারা অধ্যন্তন কর্মচারী, আছেন, কর্মান্ক, প্রত্যগারিক, ইত্যাদি, তাদেরও গহুর্থ ভাতা সম্ভাবে বাড়িয়ে দেবেন, এটা আমরা আশা করেছিলাম এবং সরকার পক্ষও আবাস দিয়েছিলেন; কিন্তু আজ পর্যন্ত তাদের সম্পর্কে কোন চেষ্টা করা হয় নাই। আমর, আশা করবো সরকার যখন বাজেট উপর্যুক্ত করবেন, তখন তাঁরা এই সম্পর্কে বিবেচনা করে দেখবেন।

তারপর আমাদের শিক্ষা-ব্যবস্থায় যে সূর্যোরাগী-দূয়ো-রাগী ব্যবস্থা চলছে, সেই সম্পর্কে আর্থ একটু উল্লেখ করতে চাই। সেই ব্যবস্থা এখনো আছে ও তীব্রতর হয়ে উঠিবে। যখন দশম-শ্রেণীর, আট-শ্রেণীর ও এগারো-শ্রেণীর বিদ্যালয় থাকবে, তখন এই শ্রেণী-বিভাগে অবস্থ আরো চরমে উঠিবে।

[11-20—11-30 a.m.]

এই জৰুরিয়র স্কুলগুলি তারা হচ্ছে দূয়োরাগীর সন্তান, তাদের জন্য এই সরকারের মায়া-মহতা ও দুরদ নাই। এখন নিম্ননৈয়ি শ্রেণীর ৮৪০টি বিদ্যালয় আছে, আর চতুর্থ শ্রেণীর আছে ১,০৮০টি। যখন সরকার শিক্ষা-বিদ্যারের ফাঁরিস্ত দেন, তখন এই বিদ্যালয়গুলিকে যোগ করে বলেন, বাংলাদেশে বর্তমানে বিদ্যালয়ের সংখ্যা এই দাঁড়িয়েছে। কিন্তু এই বিদ্যালয়গুলিতে কোথায় কি আর্থিক সহায় দেওয়া হয় তা রাজাপালিকার ভূমণে উল্লেখ করা হয় নি। এই বিদ্যালয়গুলির আর্থিক দায়িত্বও নেওয়া হয় না। পশ্চিমবাংলা সবচেয়ে গরীব রাষ্ট্র হলেও এখনে জনসাধারণকে শিক্ষা-বাবতে ৬৮ ভাগ দিতে হয়, আর সরকার দেন মাত্র ৩২ ভাগ। ভারতবর্ষের অন্যান্য রাষ্ট্রের চেয়ে বাংলাদেশ দুর্বল ও দৰ্শন রাষ্ট্র হলেও সে-সব রাষ্ট্রে শতকরা ৬৮ ভাগ রাষ্ট্রের পক্ষ থেকে দেওয়া হয়, আর আভিভাবকদের পক্ষ থেকে ৩০ ভাগ দেওয়া হয়। তারপর, জৰুরিয়র স্কুল শিক্ষকদের কোনরকম পে-স্কেল নাই। আমাদের অবশ্য একটা পে-স্কেল আছে। এম.এ, বি.টি, হলে ১২৫ টাকা থেকে ১৫০ টাকা বেতন দেওয়া হয়। এই অসঙ্গতির প্রতি আর্থ বহুবার সরকারের দ্রষ্টিং আকর্ষণ করেছিলাম। অবশ্য আমরা জানি এরকম দ্রষ্টিং আকর্ষণ করে কোন কাজ হয় না, এ নিয়ে যদি কোনরকম আন্দোলন সংষ্টি না করা যায়, তাহলে সরকারের দ্রষ্টিং আকর্ষণ করা যায় না। সরকারী স্কুলে বেশী বেতন আছে, সেটার কথা এখনে হচ্ছে না। একজন এম.এ, বি.টি. শিক্ষকের ১২৫—১৫০ টাকা মাইনে, তারপর ৫ বছরের মধ্যেই তাঁর বেতনের সর্বোচ্চ সৰ্বোচ্চ পেঁচে থাবে এবং আগামী ২৫।৩০ বৎসর এই সর্বোচ্চ সীমায়ই তাঁকে চাকরী করতে হবে এমন একটা অবস্থা রাঁচি য্যাসাইলাম ছাড়া আর কোথাও চিন্তা করা যায় না। এই অসংগতির প্রতি বারবার সরকারের দ্রষ্টিং আকর্ষণ করেও কোনরকম প্রতিকার পাওয়া যায় নি। তারপর,

জুনিয়ার হাই স্কুল শিক্ষকদের কোনরকম স্কেল নাই। সরকার বলছেন শিক্ষার মানের উন্নতি করবেন। এ সম্বন্ধে আমি পরে বাজেটে বলব। সরকার জুনিয়ার স্কুল টিচারদের বাসিক ট্রেনিং-এর কথা বলেছেন। যখন শিক্ষকেরা বেসিক এডুকেশন-এর জন্য জুনিয়ার কুলগুরুল থেকে যাবেন, তাঁদের কোনরকম ডেপুটেশন এ্যালাউয়েশন দেবার ব্যবস্থা নাই। তাঁরা ক্লোরাইর সম্মত কিনা—হাই হোক, তাঁদের জন্য একটা ব্যবস্থা করবেন এটাই আশা করব।

তারপর, বাংলার বাহিরে বাংলাভাষাভাষী জেলা প্রদৰ্শিয়া সম্বন্ধে রাজাপালিকার ভাষণে কান প্রচেষ্টার উল্লেখ নাই। অবশ্য বাজেটে স্পীচ প্রেজেন্টেশন-এ বলা হয়েছে, তাঁদেরকে জারীয় হিসাবে গ্রহণ করবার প্রচেষ্টা করছেন। এটা ন্যূন অগুল পর্শিয়বঙ্গভুক্ত হল, কিন্তু ন্যূনের বিষয়, সে সমস্ত অগুল সম্পর্কে কোনরকম পরিবাচিত রাজাপালিকার ভাষণে নাই। মুন্যান্য ক্ষেত্রেও নিশ্চয় নানারকম ও বিভিন্ন ধরণের সমস্যা দেখা দিয়েছে, কিন্তু শিক্ষাক্ষেত্রে স্থানে যে-সমস্ত সমস্যা দেখা দিয়েছে, সে-বিষয়ে আমি সরকারের দ্রষ্টিং আকর্ষণ করব। প্রথম কথা হচ্ছে, বিহারের শিক্ষকদের বেতনের হার পরিবর্তন করা দরকার। আমাদের এখানে আগে অন্যরকম ছিল; আমাদের আলোচনের ফলেই হোক, বা সরকারের বদান্যতার ফলে কোন জারী না, সরকার মেনে নিলেন। নবম্বর মাসে এই অগুল পর্শিয়বঙ্গে এলো, অথচ গ্রাজু পর্যন্ত এই সমস্ত অগুলের শিক্ষকদের পর্শিয়বঙ্গের শিক্ষকদের বেতনের হারে বেতন দণ্ডয়া হচ্ছে না। এখানে দেওয়া হয় ৭৫ টাকা, ওখানে ৫৫ টাকা। তারপরেও আমাদের এখানে পরিবর্তন হয়েছে। মন্ত্রীমহাশয়, আমাকে সেখানে যাবার উপদেশ দিয়েছেন—একবার কল, আমি সেখানে অনেকবার গিয়েছি। মন্ত্রীমহাশয় আমাকে যাবার উপদেশ না দিয়ে যদি তাঁরা যান এবং তাঁদের দায়িত্ব সম্বন্ধে অবহিত হন, তাহলে ভাল হবে। আমাদের এখানে যরকম জুনিয়ার হাই স্কুল তা তাঁদের নাই। তাঁদের হচ্ছে এমই, স্কুলস এ্যান্ড হাই স্কুলস। সগুরুলকে নাকি হাই স্কুল স্ট্যাটাস-এ ডেভেলপ করা হবে। সেখানে আজকে যোগায়তাসম্পন্ন লাক পাওয়া যাচ্ছে না।

**The Hon'ble Bimal Chandra Sinha:** Medium of instruction

ক হবে?

**Sj. Satya Priya Roy:**

সেখানে যা আছে অর্থাৎ বাংলাই হবে। এই সমস্ত বিষয় সম্পর্কে বাজেট আলোচনার মধ্য শিক্ষামন্ত্রী বিবেচনা করবেন এটাই আশা করব। এই বলেই আমার বক্তব্য শেষ করাই।

11-30—11-40 a.m.]

**Sj. Mohitosh Rai Choudhuri:**

মাননীয় সভাপাল মহাশয়, রাজাপালিকার ভাষণ সম্বন্ধে আমার বিবোধীপক্ষের বহুগুণ য-সমস্ত আলোচনা করেছেন, তা আমি বিশেষ মনোযোগ দিয়ে শুনেছি। বিবোধীপক্ষের একটা সুবিধা আছে, সমালোচনা সম্পর্কে তাঁরা একেবারে নিরবৃশ, যা ইচ্ছা তা বলতে পারেন। তোমার অপলাপ করে, এদিক থেকে যা বলা হয় সেগুরুল ভাল করে না শুনে, না বুঝে, সমস্ত কছুই কন্ডেম করে যেতে পারেন। শুধু কিছুই হয় নি, সরকার শুধুই রাষ্ট্রকে পিছিয়ে দ্বারা চেষ্টা করছেন, এই সমস্ত কথা বলা খুব সহজ। কিন্তু আমি বলি এই না করে যাবি যদি কন্স্ট্রাকটিভ সাজেসন গঠনমূলক কিছু প্রস্তাব দিতেন, তাহলে বোধ হয় ভাল তে। রাজাপালিকা তাঁর ভাষণে সরকারের বিভিন্ন বিভাগে যে-সমস্ত উন্নতিমূলক কার্য হয়েছে তাঁলে বিবৃতি দিয়েছেন, বিবোধী বন্ধুরা মনে মনে জানেন সেগুরুল সত্য। কতগুলি সাস্পাতাল করা হয়েছে, কতগুলি স্কুল খোলা হয়েছে, স্বাস্থ্য-ব্যবস্থার কি কিংক উন্নতি হয়েছে, রাজাপালিকার অভিভাবণের এই সমস্ত কথায় কোথাও তাঁরা প্রতিবাদ করেন নি। কেন প্রতিবাদ করেন নি তাঁর কারণ হচ্ছে, তাঁরা জানেন যে, প্রতিবাদ করার কিছু নেই। দেশের স্বস্থা যে নানাভাবে উন্নততর হয়েছে এ-কথা অস্বীকার করলে সতোর অপলাপ করা হয়।

হস্পিটাল বেড আগে কতগুলি ছিল আর এখন কতগুলি বেডেছে, এ-সম্বন্ধে তাঁরা কান তর্ক তোলেন নি। হাসপাতালের আগে যে অবস্থা ছিল, এখন সে অবস্থার যে অনেক

উর্মতি হয়েছে, এটাকে মিথ্যা তাঁরা বলতে সাহস করেন নি। শিক্ষার জন্য আগে যে পরিমাণ ব্যায় হত এখন তাঁর চেয়ে অনেক বেশী ব্যায় হচ্ছে এটা যে সম্পূর্ণ সত্য এ-কথা তাঁরা অস্বীকার করতে পারেন নি। স্বতরাং মাননীয়া রাজাপালিকার ভাষণের ভিত্তির প্রগতিমূলক উন্নয়নমূলক কাজ সরকারের বিভিন্ন বিভাগ যা করেছেন বলে উল্লেখ করা হয়েছে, সেটা যে সত্য, আমাদের সকলকে তা মেনে নিতেই হবে। এই সত্য কথাটি যদি তাঁরা স্বীকার করে নিয়ে, আরও এ-বিষয়ে কি কি করা যায় তা বলতেন তাহলে ভাল হত। আর্মি এ-কথা বলি না যে, যা করা হয়েছে তা যথেষ্ট। সরকার নিজেও স্বীকার করবেন যে, যা করা হয়েছে তা যথেষ্ট নয়। মাননীয়া রাজাপালিকার ভাষণের ভিত্তির দেশের অবস্থার যে মনোজ্ঞ চিন্ত প্রকাশিত হয়েছে, বাস্তবের সঙ্গে কোন ক্ষেত্রে তার মিল নেই, এ-কথা অনেকেই স্বীকার করবেন—যাঁরা এদিকে বসে আছেন অর্থাৎ আমরাও স্বীকার করব আর ওদিকে বসেছেন যাঁরা, তাঁরাও স্বীকার করবেন; এমন কিং ওদিকে যাঁরা বসেছেন তাঁরা ঐ ভাষণের সমালোচনা করে যে-সমস্ত কথা বলেছেন তাঁর অনেকথানির সঙ্গে এদিকে যাঁরা বসেন তাঁদের অনেকেই একমত। কিন্তু একমত বলে একথা আমরা কোন মতেই স্বীকার করা না যে, সরকার দেশকে অবনতির পথে নিয়ে যাচ্ছেন বা দেশের যে-সমস্ত বিভিন্ন সমস্যা তাঁর গুরুত্ব সম্বন্ধে অবহিত নন। আমার বন্ধু—আমার ঠিক পূর্ববর্তী বঙ্গা, শ্রীসত্ত্বপ্রয় রায় মহাশয় এবং তাঁর আগে আমার অন্য বন্ধু, ডাঃ মননীন্দ্র কঙ্গবর্তী মহাশয় অনেক বিষয় নিয়ে আলোচনা করেছেন। তাঁর ভিত্তির শিক্ষা সম্বন্ধে যোঁটি, সেটি সকলের শেষে আলোচিত হয়েছে। যদিও আজ খাদি সমস্যাই শিক্ষা সমস্যা, এবং দেশের অন্যান্য সকল সমস্যা অপেক্ষা গুরুতর এবং রাজাপালিকার অভিভাবণের মধ্যেও সে কথা স্বীকৃত হয়েছে তবুও আর্মি পথের শিক্ষা সমস্যা সম্বন্ধীয় বিতর্ক সম্বন্ধে আলোচনা করবো। কারণ, অন্যান্য বিষয় আলোচনা করতে গিয়ে শিক্ষা সম্বন্ধে বিরোধী বন্ধুরা যে-সকল অর্ধসত্য কথা বলেছেন, হয় ত সে সম্বন্ধে কিছু বলবার সময় পাব না, হয় ত বা ভুলে যাব।

আমার বন্ধু শ্রীসত্ত্বপ্রয় রায় মহাশয় বলেছেন, মাধ্যমিক শিক্ষা সংস্কারের যে ন্তন পর্যাকল্পনা সরকার প্রণয়ন করেছেন এবং যা তাঁরা আমাদের মাধ্যমিক বিদ্যালয়ে প্রবর্তন করতে উদ্দৃত হয়েছেন, সেটা নানা দোষদৃঢ়। তাই তাঁর উপরেই তিনি সবচেয়ে বেশী আক্রমণ করেছেন। তিনি বলেছেন, ১১ বৎসরের এই মাধ্যমিক শিক্ষার পর্যাকল্পনা অন্য কোন দেশে নেই। কোন দেশে নেই এ-কথা সত্য নয়, তবে অনেক দেশেই নেই সেটা সত্য। কিন্তু এ-কথাও তাঁকে স্বীকার করে নিতে হবে যে, অনেক দেশের অবস্থা আমাদের দেশের অবস্থার সমান নয়। তিনি এই প্রসঙ্গে শ্রীহৃষ্যানু কবীর মহাশয়ের প্রদত্ত যুক্তি নিয়ে অনেক বিদ্যুপ করবার চেষ্টা করেছেন। কিন্তু এটা কি যুক্তিসংগতভাবে অস্বীকার করতে পারা যায় যে, অন্য দেশ অপেক্ষা আমাদের দেশে ম্যাচওরিটি আসে অনেক আগে? বিয়ের বয়স সাধারণতঃ অন্য দেশে কতে এবং আমাদের দেশেই বা কত, এইটি ভেবে দেখলেই হয়। বস্তুতঃ ম্যাচওরিটি আমাদের দেশ যে শীঘ্র হয়, সে-বিষয়ে সন্দেহমাত্র নেই। আমাদের দেশের লোকের জীবন-কালও যে অপেক্ষাকৃত কম সে-বিষয়েও সন্দেহ নেই। স্বতরাং সকল বিষয় বিবেচনা করে ১২ বছরের শিক্ষাকালকে যদি কমিয়ে ১১ বছর করা হয়ে থাকে তাতে কি ক্ষতি হয়েছে তা আর্মি বুঝি না। শিক্ষাবিদ যাঁরা, তাঁরা সকলেই জানেন যে, বর্তমান বার বছরের শিক্ষাকালের মধ্যে দুই দুইবার পরীক্ষা গ্রহীত হয়ে থাকে। স্কুল-কলেজের শিক্ষা সম্বন্ধে যাঁরা এয়ারকাহল আছেন, তাঁরা জানেন বছরে ক'মাস প্রক্রতিপক্ষে শিক্ষা দেওয়া হয়। এক-একটি পরীক্ষার দুই-তিন মাস আগে থেকে পড়া ব্যব হয়ে যায় এবং পরীক্ষা শেষ হ'লে আবাব দুই-তিন মাস এবং ন্তন সেসন আরম্ভ হ'লে আরও দুই-তিন মাস পড়া হয় না। এই দুটি পরীক্ষার একটি তুলে দিলে আমরা অন্যাসে চার-পাঁচ মাস বা ছামাস বেশী পড়ার সময় পেতে পারি। তা ছাড়া এখনকার যে পাঠ্যসংৰী আছে, তাঁর যদি প্রৱৰ্য্যন্যাস এবং সংস্কর করা যায় তাহলেও অনেক বেশী সময় পাওয়া যেতে পারে। একই ইতিহাস প্রাথমিক বিদ্যালয় থেকে আরম্ভ করে মাধ্যমিক পরীক্ষাকাল পর্যবেক্ষণ পত্র পড়া হয়। প্রথম পড়লেন ভারতবর্ষের ইতিহাস প্রাথমিক বিদ্যালয়ের নিয়তীয়, তৃতীয় শ্রেণীতে। আবাব পঞ্চম শ্রেণীতে তাঁই পড়লেন, আবাব মাধ্যমিক বিদ্যালয়ে সেই একই কথা পড়লেন সম্মত ও অস্তর শ্রেণীতে।

ଆବାର ନବମ, ଦଶମ ଶ୍ରେଣୀତି, ଆବାର କଲେଜେ ଗିଯ଼େଓ ଏକଇ କଥା ପଡ଼ିଲେନ । ଏହି ସେ, ଏକଇ କଥାର ପନ୍ଥ ପନ୍ଥ ଆଲୋଚନା, ଏକଇ ବିଷୟେ ପଡ଼ାଶ୍ନା—ଏଟା ସିଦ୍ଧିମେଟିକ, ଇନ୍ଟରପ୍ରେଡେ ପାଠ୍ସ୍-ଚି ପ୍ରଗମନ କରା ଯାଇ ତାହିଁ ଆମାଦେର ଅନେକ ସମୟ ସଂକ୍ଷେପ ହୁଏ ଯାଇ । ସ୍ଵତରଙ୍ଗ ଏଥିମେ ୧୨ ବହରେ ଶିକ୍ଷା-ବସନ୍ତ ଆମାଦେର ଦେଶେ ବତମାନ ଆଛେ, ସତ୍ୟ ସତ୍ୟ ସେଥିମେ ୧୨ ବହର ପଡ଼ା ହୁଏ ନା—ତା ବହାଲ ରାଖାର କୋନ୍ତି ପ୍ରଯୋଜନ ଦେଖା ଯାଇ ନା । ପରୀକ୍ଷାର ପ୍ରବୃତ୍ତି ଏବଂ ପରବର୍ତ୍ତି କାଳର ଏହି ଯେ ବସଧାନ ଏଟି ବିବେଚନା କରିଲେ କୁଳ ଏବଂ ବିର୍ବିଦ୍ୟାଲୟରେ ଶିକ୍ଷା ସମାଜର ମଧ୍ୟ କୋନ୍ତିଓ ଇନ୍ଟାରମିଡ଼ିଯେଟ ସ୍ଟେଜ ଥାକାର ପ୍ରଯୋଜନ ଆଛେ ଏହି ମନ୍ତ୍ର ହୁଏ ନା । ଇନ୍ଟାରମିଡ଼ିଯେଟରେ ଓ ବି.ଏର, ଦେଇ ବହରେ କୋର୍ସ-ଏ ବାସ୍ତବିକ କରିଦିନ ପଡ଼ା ହୁଏ ? ୫୦ ବହର ଧରେ ଆମି ଅଧ୍ୟାପନା କରେ ଏମେହି, ବାସ୍ତବିକ କରିଦିନ ପଡ଼ା ହୁଏ ତା ଜାଣି । ଆମାର ବନ୍ଦୁ, ଡାଃ ମନୀନ୍ଦ ଚକ୍ରବର୍ତ୍ତୀ ମହାଶୟ ଓ ଅଧ୍ୟାପକ ନିର୍ମଳ ଭ୍ରାଟାର୍ୟ ମହାଶୟ କଲେଜେ ଅଧ୍ୟାପନା କରେ ଏମେହିନ, ତାରାଓ ଏଟା ଭଲଭାବେ ଜାନେନ । ଶ୍ରୀସତ୍ତ୍ଵାପ୍ରଯେ ରାଯ ମହାଶୟ ଏ-ବିଷୟେ ଠିକ୍ ଅବହିତ ନନ । ଛୁଟି ଏବଂ ପରୀକ୍ଷାର ଆଗେ-ପାହେର ଏହି ଅବକଶଗ୍ରାନ୍ତି ବାଦ ଦିଲେ ଦେଖା ଯାଇ ଏହି ଅବହିତ ନନ । ୨୫ ମାସେର କଲେଜ ଦେଶନେର ମଧ୍ୟେ ୧୦ ମାସ ବାଦ ଗିଯ଼େ ୧୪ ମାସେର ବେଶୀ ପଡ଼ାଶ୍ନା ହୁଏ ନା । ଦୁଃଖରେ ଆମାଦେର ଦେଶର ଏହି ପର୍ତ୍ତିରଙ୍କ ଛୁଟିଇଟା ସିଦ୍ଧିମେଟିକ ବନ୍ଦ ବନ୍ଦ କରା ଯାଇ ଏବଂ ଦୁଃଖିଟ ପରୀକ୍ଷାର ଏକାଟ ସିଦ୍ଧି ଉଠିଯେ ଦେଖାଯାଇ । ତାହିଁ ୧୨ ବହରେ କୋର୍ସ୍ ଯେ ଶିକ୍ଷା ହୁଏ ୧୧ ବହରେ ତା ସମ୍ଭବ ହେତେ ପରେ ।

১। হাড়া, দেশের বর্তমান দারিদ্র্য ও দৃঃখ্য-কঠের কথা ভাবলেও এই ১১ বৎসরের কোম্পানি প্রক্ষেপ্য মনে হয়। মোলানা আজাদ এ বিষয়ে মে বৃত্তান্ত করেছেন, তা যদি পড়ে দেখেন এইসময় দেশবেন সরকারী এই পর্যবেক্ষণার সমর্থনে অন্যান্য ধৰ্মের সঙ্গে তিনিও ঠিক এ-রূপ বলেছেন। দেশের আর্থিক অপ্রতুল্যতার প্রতি তিনি অনেকখানি গুরুত্ব দিয়েছেন। নার্মদাক শিক্ষা কার্যশালা যে প্রদেশেই গিয়েছেন সেখানেই অভিভাবকদের অসহ দৃঃখ্য-কঠের দল তাঁদের বলা হয়েছে। তাঁদের বারবার বলা হয়েছে রূডান্ট সু-প্রাপ্তি করবার আগে তাঁরা দলে শিক্ষার তন্মুক্ত অবস্থায় যে ব্যব বৃদ্ধি হচ্ছে তা বিবেচনা করেন এবং দেশের লোকের দারাম দৃঃখ্য দুর্দশা, সাংসারিক অবস্থার উন্নতি করবার জন্ম সংসারযাত্রা নির্বাহ করবার জন্ম ত্রিমুদের আন্ত অল্প বয়সে উপর্যুক্তের ক্ষমতা লাভ করবার যে প্রয়োজনীয়তা, সে বিষয়ে উকেন্দ্রিত না করেন। স্মৃতরাও এই সকল কথা বিবেচনা করে শিক্ষাকাল ১২ বছরের জায়গায় ১১ বছর করাতে স্বীকৃতি করেছেন। মোলানা আব্দুল কালাম আজাদ এ-কথা পূর্বে করভাবেই বলেছেন, শিক্ষাকাল বর্তমানে আমরা ১১ বছর করলাম। কিন্তু যদি দেশে শাহী রাজোর আর্থিক সম্পদ বৃদ্ধি হয়েছে, এবং প্রত্যেক বাস্তির আর্থিক অবস্থার উন্নতি হচ্ছে, তাহলে তখন ১১ বছরের জায়গায় আমরা ১২ বছরের শিক্ষা প্রবর্তন করতে পারব। এই এবং শিক্ষাকাল এখন ১১ করায় চড়ী অশুধ্য হয় নি।

ଆର ଏକଟି କଥା ଯା ଏହି ପ୍ରସେଣେ ଆମର ବନ୍ଧୁ ସତ୍ତ୍ୱାପ୍ରସାଦର ବରାବରଇ ବଲେ ଏସେହେଲ ଏବଂ ଆମି ଏହି ହାଉସ ଥେକେ ବରାବରଇ ଯାର ପ୍ରତିବାଦ କରେ ଏସେହି ତାରଓ ଏଥାନେ ଉଲ୍ଲେଖ କରା ଆବଶ୍ୟକ । ଟିନ୍ ଯା-ଇ ବଲ୍ଲନ, ଏ-କଥା କିଛି-ତେହି ଶ୍ରୀକାର କରା ଯାଇ ନା ଯେ, ବହୁ-ସଂଖ୍ୟାକ ଶିକ୍ଷାର୍ଥୀ ଏବଂ ଶିକ୍ଷା ବିଦ୍ୟୁ ଏହି ମାଧ୍ୟମିକ ଶିକ୍ଷା ପରିକଳ୍ପନାକେ ସମ୍ବନ୍ଧିତ କରେଛେ ।

[11-40—11-50 a.m.]

এই পরিকল্পনা প্রথম যথন উপর্যুক্ত করা হয়, তখন একে ইঞ্চারন্যাশনাল টিম অফ এডকেশনাল এন্ডপার্টসদের সামনে প্রেস করা হয়। তারপরে বিভিন্ন রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির উপচার্য ও প্রধান অধ্যাপক ও শিক্ষাবিদ সকলে দিল্লীনগরীতে উপস্থিত হয়ে এই পরিকল্পনা সমর্থন করেছেন। বস্তুতঃ পশ্চিমবাংলার শ্রীসত্ত্বপ্রয় রায় এবং তার বাস্তুপন্থীরা ভিন্ন আর সকল শিক্ষার্থী বা শিক্ষাবিদই একে স্বাগতম জানিয়েছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ে কিছুদিন পূর্বে সেখানে বাস্তুপন্থী শিক্ষাবিদদের প্রাধোরের ফলে একে সমর্থন করেন নি। কিন্তু পরিশেষে সম্প্রতি ঢাঁড়াও পরীক্ষামূলকভাবে স্কুলটিকে স্বীকৃত করে নিয়েছেন। তারপরে পশ্চিমবাংলার মাধ্যর্মিক শিক্ষাপ্রয়ত্ন স্বীকৃত করে নিয়েছেন, তা হলু এওষ্ট বেঙ্গল হেড মার্টেরস এ্যাসোসিয়েশন একে সমর্থন জ্ঞাপন করেছেন; স্বতুরাং

এটা যে শিক্ষাবিদগণের মতের বিরুদ্ধে চাপিয়ে দেওয়া হয়েছে এবং দেশের অভিভাবক ও শিক্ষাবিদগণের এতে সমর্থন নাই, এ কথা বলা সত্ত্বেও অপলাপ ছাড়া আর কিছু নয়। তবে আর্মি জার্নাল এটার পরিপূর্ণ সাফল্য সম্বন্ধে অনেকের মনে সন্দেহ আছে, এমন কি মাঝে মাঝে আমারও মনে সন্দেহ জাগে। কিন্তু পরীক্ষামূলকভাবে একে গ্রহণ করলে ত সর্বনাশ হয়ে যাচ্ছে না। পরীক্ষামূলকভাবে অনেক জিনিষই ত আমরা গ্রহণ করে থার্ক। এ ক্ষেত্রেও দেখাই যাক না কি হয়। কালিকাতা বিশ্ববিদ্যালয়ও শেষ পর্যন্ত এই কারণে এটাকে সমর্থন করেছেন। সত্যাপ্যবাবু, এবং তাঁর বামপন্থী বৃক্ষের নিচয়ই শিক্ষাবিদ। তাঁদের বৃক্ষমস্তু সম্পর্কেও কোন সন্দেহ নাই। কিন্তু বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের যে-সমস্ত উপাচার্য এবং বিভিন্ন প্রদেশের বড় বড় শিক্ষাবিদ এই পরিকল্পনার সমর্থক, তাঁরা সত্যাপ্যবাবুদের অপেক্ষা ঘূর্ণ নন। তাঁদের অনেকের কাছে সত্যাপ্যবাবু বহুদিন ধরে শিক্ষালাভ করতে পারেন। সুতরাং তিনি ধীরভাবে বিচার করে দেখন। পার্টির প্রোস্টেজ-এর খাতিরে বরাবর যে এর বিরোধীতাই করতে হবে তা ঠিক নয়, তাতে কোনও লাভও নাই। তার চেয়ে বরং এই পরিকল্পনাটাকে সাফল্যমার্জিত করতে চেষ্টা করুন, এর সাফল্যের পথে যে-সব বাধা আছে, সেই বাধা দ্রুত করবার জন্য চেষ্টা করুন।

বাধা যে আছে সরকারও সে কথা স্বীকার করেছেন। প্রথম বাধা হচ্ছে, উপর্যুক্ত শিক্ষকের অভাব। একাদশ শ্রেণীর মালটিপ্রারপাস স্কুলে, এমন কি যে-সমস্ত স্কুলে হিউম্যানিটিউ ইনস্টিউটস করা হয়েছে, সেই সমস্ত বিদ্যালয়ে শিক্ষার জন্যও যথেষ্ট সংখ্যক যোগ্য শিক্ষক পাওয়া যাচ্ছে না।

#### A new Plan of Secondary Education

বলে একটা বই আছে। সত্যাপ্যবাবুকে বলি আপনি সেটা দয়া করে পড়বেন। 'দয়া করে' বলছি, বিকজি রিডিং ইজ ভেরী পেনফ্লু, যদি পড়েন তাহলে এ সংক্রান্ত সমস্ত বিষয়টি আপনি ভালভাবে উপলব্ধ করতে পারবেন। সরকার বলছেন এবং আমরাও বলি, ধীরভাবে স্কুলালী ইনস্টিউটস করতে হবে। সত্যাপ্যবাবুর কথা হচ্ছে—যেহেতু সমস্ত সেকেণ্ডারী স্কুলগুলিকে একসঙ্গে একাদশ শ্রেণীর স্কুলে উন্নৰ্মিত করা সম্ভব হচ্ছে না, সেজন্য মাত্র কয়েকটাকে একাদশ শ্রেণীতে উন্নয়ন করবার ন্যায়িক সম্পূর্ণ অর্থাহীন, হোল্লী এ্যাবসার্ট। কিন্তু আর্মি বলব এ্যাবসার্ট নয়, সম্পূর্ণ যুক্তিসংগত। যে কর্তৃতে একাদশ শ্রেণীর স্কুল খোলা হয়েছে, তাতেই যথেষ্ট সংখ্যক শিক্ষক পাওয়া যাচ্ছে না। সে-ক্ষেত্রে সবগুলি স্কুলে কি করে একসঙ্গে একাদশ শ্রেণী খোলা যায়? যে বেতন শিক্ষকদের জন্য নির্ধারণ করা হয়েছে, সে বেতনে উপর্যুক্ত শিক্ষক পাওয়া যাচ্ছে না। এমন কি টেকনিকাল এডুকেশন এবং হিউম্যানিটিউ যে-সমস্ত একাদশ শ্রেণীর বিদ্যালয়ে ইনস্টিউটস করা হয়েছে, সেখানেও প্রয়োজন অন্তর্ভুক্ত ভাল শিক্ষক পাওয়া যাচ্ছে না। আমার শিক্ষাসংচারের সঙ্গে এ-বিষয়ে আলোচনা হয়েছে। তিনি আমার মতের ঘৃষ্ট-ঘৃষ্টতা স্বীকার করেছেন। তিনি বলেছেন, শিক্ষকদের বেতন যাত্রে বেশী হয়, তিনি তার জন্য চেষ্টা করছেন এবং বর্তমান স্কেলে যেটা হাইরেন্ট বেতন সেইচেট প্রথমে দেবার জন্য আদেশ দিচ্ছেন। তিনি বারবার বলেছেন 'যাতে উপর্যুক্ত শিক্ষক পাওয়া যাবে সে সম্বন্ধে আমরা অবহিত হব'। শিক্ষাসংচারের সম্বন্ধে আমাদের অনেক অভিযোগ আছে—সত্ত্বেও খাতিরে এ-কথা অস্বীকার করতে পারি না। কিন্তু তা সত্ত্বেও আমাকে স্বীকার করতে হবে তাঁর দোষ-শূণ্যতা যেই যাক না কেন, তিনি এই পরিকল্পনাকে সাফল্যমার্জিত করবার জন্য প্রাণপণ চেষ্টা করছেন। তাঁর মতের সঙ্গে আমাদের মত সব বিষয়ে না মিলতে পারে, কিন্তু তাঁর সিনিসিয়ারিট সম্বন্ধে আর্মি কিছুমাত্র সন্দেহ করি না। তাঁর ওয়াল অফ সিভারেণ্ট ক্লিটক্স হয়েও এ কথা আমাকে স্বীকার করতে হবে। তা ছাড়া, ডাঃ রায়, যিনি শিক্ষা-বিভাগের ভার স্বয়ং নিয়েছেন, তিনিও যে এ-বিষয়ে অবহিত নন তা আমার মনে হয় না। এটাকে সাফল্যমার্জিত করবার জন্য যা প্রয়োজন সেটা অবশ্যই তিনি দেখবেন।

একটা কথা সত্যাপ্যবাবু বলে চলেছেন, বিহারে এবং অন্যান্য জায়গায় শিক্ষকদের বেতন বেশী। কিন্তু সেখানে আমাদের দেশের মত স্কুলের সংখ্যা বৃদ্ধি হোক, অলিত-গালিতে স্কুল হোক, এই দাবী করা হয় না, এ কথা বললে হয় ত অনেকে অসম্ভুতিট হবেন। কিন্তু

বাস্তৰিক এতগুলি বিদ্যালয় স্থাপন না করে বরং যদি শ্লান্ত ওয়েতে বিদ্যালয়ের সংখ্যা কিছু কমানো যায় এবং প্রত্যেক বিদ্যালয়ের নিকটে হোষ্টেল করা যায় এবং সেই সব হোষ্টেলে ছেলেদের থাকবার যদি ইভাবে বাবস্থা করা যায় যে, কম খরচে বাড়ী থেকে থাকবার জিনিস এনে তারা সেখানে থাকবে, তাহলে স্বত্বসংখ্যক মাধ্যমিক বিদ্যালয়ের স্বারাই কাজ চলতে পারে। এবং সেই স্বত্বসংখ্যক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন আমরা বাড়িয়ে দিতে পারব। প্রার্থিমুক বিদ্যালয় ও প্রার্থিমুক শিক্ষকদের সম্বন্ধেও এই একই কথা। ৬৫ হাজার প্রার্থিমুক শিক্ষকদের প্রত্যেকে যদি দেড়শো টাকা কুরে বেতন দিতে হয়, তাহলে ১৪ কোটি টাকা প্রার্থিমুক শিক্ষকদেরই বেতন বাবদ দিতে হবে। এত টাকা কোথা থেকে আসবে? তাই গভর্নরেটকে বলে আসছি—আর বিদ্যালয়ের সংখ্যা বাড়বে না কেন না, যদি কোন কনকোরার কেবল দেশ জয় করতেই থাকেন, কিন্তু যে-সমস্ত দেশ জয় করেছেন, সেই সমস্ত দেশের এ্যার্ডমার্নেশ্বেন-এর ভাল ব্যবস্থা সঙ্গে সঙ্গে না করেন, তাহলে সেই সমস্ত বিজিত দেশের যে অবস্থা হয়, আমাদেরও শিক্ষাক্ষেত্রে সেই অবস্থা হয়েছে। সরকার কেবলই স্কুল বাড়াচ্ছেন। স্কুলগুলির ইপ্রুভমেন্ট সম্বন্ধে কোন দ্রষ্টব্য নেই। এত স্কুল বাড়াচ্ছেন কেন? যে-সব স্কুলের স্বারা প্রকৃতপক্ষে কিছুই কাজ হচ্ছে না সে-সব স্কুলের প্রয়োজনীয়তা কি? ইন্ডিসার্কিমেন্টেলী সেবার স্কুল স্থাপন করে বা রেখে লাভই বা কি? কাজেই আর্মি বিরোধী বন্ধুদের এই কথা বলতে চাই—বিচার বিবেচনা না করে কেবল স্কুলের সংখ্যা বৃদ্ধির দ্বারা করবেন না। যে স্কুলগুলি আছে সেইগুলি যাতে সু-পরিচালিত হয়, তাদের যাতে ভাল শিক্ষক দেওয়া হয় এবং সেই সব শিক্ষকদের স্বারা যাতে ছাত্র-ছাত্রীদের ভাল শিক্ষা লাভ হয় সেই ব্যবস্থা করবার দাবী করুন। আজ এই কলকাতা শহরে যেখানে প্রায় প্রাচীত পাড়ায় মাধ্যমিক বিদ্যালয় হয়েছে, সেখানেও নার্ত-নাটৰীদের পড়তে দিতে পারা এমন বিদ্যালয় বড় একটা খণ্ডে পাইনে। আর আপনাদের মধ্যে যাঁরা যুবক, তাঁরাও যদি ছেলেগোয়েদের পড়ন্তর জন্য স্কুল খোঁজেন তাহলে পছন্দ মত বিদ্যালয় একটি ও খণ্ডে পান না। এর কারণ কি? কারণ কেন বিদ্যালয়েই পড়াশুনা কিছুই হয় না বললে হয়।

[11-50—12 noon.]

আর্মি জানি বিদ্যালয়ের পক্ষ থেকে এ-কথা বলা হবে এবং আর্মিও এ-কথা অনেকবার বলেছে—এক পয়সা দিয়ে অক্তুর সংবাদ গান শোনা যায় না। সুতরাং বেতন যে-পরিমাণ শিক্ষকরা পান তার চেয়ে বেশী কর্ম আমরা তাঁদের কাছ থেকে দাবী করতে পারি না। কিন্তু এ-কথাও স্বীকার করতে হবে, আমরা, যারা শিক্ষার্থী এখানে আছি—

[At this stage the Red Light was lit.]

আর্মি, স্যার, মাত্র কয়েকটি কথা বলেছি। শুনো এক ঘটা ধরে ইন্ডিসার্কিমেন্টেলী ভালমন্দ যা কিছু বলবেন, আর আমরা কিছু বলতে গেলেই আলো জ্বলে উঠবে? (এ ভয়েস ফুম অপোজিশন বেশঃঃ আপনি চেয়ারম্যানের প্রতি কটাক্ষপাত করলেন?)

**Mr. Chairman:** Please, go on.

**Sj. Mohitosh Rai Choudhuri:**

আর্মি মাত্র কয়েকটি কথা বলেছি, এখনও বহু কিছু বলবার আছে। সভায়, আর্মি আর একটু সময় নেবো।

যাঁরা শিক্ষকতা কাজে ভূতী আছেন, তাঁদের এ-কথা মনে রাখা উচিত যে, শিক্ষকতা একটা সেক্রেত প্রফেশন। আমরা যদি এ ব্যক্তি গ্রহণ না করতাম ত অন্য কথা ছিল। কিন্তু যখন এই কাজে আমরা ভূতী হয়ে এসেছি, তখন আমাদের যা কর্তব্য তা করতে হবে। শিক্ষকদের কর্তব্য বৃদ্ধি, অনেক চেয়ে অনেক বেশী। তবুও এই কর্তব্য বৃদ্ধি আরও বেশী হওয়া উচিত। ক্ষেত্রের কথা, এই কর্তব্য বৃদ্ধি ইদানীং শিক্ষকদের ভিতর থেকে একেবারে বিলুপ্ত হতে বসেছে এবং এর জন্য আমার বন্ধু সত্যাপ্ত রায় মহাশয়রাই সর্বাপেক্ষা বেশী দায়ী। যাই-হোক এ-কথা আর বেশী বলে এখন লাভ নেই। পরে সময় পেলে হয় ত আবার বলবো।

শিক্ষা সম্বন্ধে এইবার দ্বি-একটা কথা বলে এই প্রসঙ্গ ত্যাগ করবো। মাননীয়া রাজপ্রাপ্তিকার ভাষণের ভিত্তির বলা হয়েছে, সরকার আরও তিনটি বিশ্ববিদ্যালয় স্থাপন করবার জন্য চেষ্টা করছেন। সরকারের উচ্চশিক্ষা বিস্তারের জন্য যে আগ্রহ, বিশেষতঃ শিক্ষামন্ত্রী, তথা প্রধানমন্ত্রী শিক্ষা বিষয়ে যেরূপ আগ্রহশীল, হয় তো তারই ফলে বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার এই বাস্থা তাঁরা করতে যাচ্ছেন। কিন্তু একটা কথা আমি বারবার তাঁদের বলে আসছি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি করবার জন্য তাঁরা যেন ব্যস্ত না হন। বর্তমানে যে কয়েকটি বিশ্ববিদ্যালয়ের আছে তাতেই যথেষ্ট সংখ্যায় উপযুক্ত শিক্ষক পাওয়া যাচ্ছে না। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কঢ়ুপক কিছুদিন আগে বিকালবেলা একটা পোট-গ্রাজুয়েট সেক্সন খোলবার গুরু ব্যস্ত হয়েছিলেন, কিন্তু তার জন্য উপযুক্ত শিক্ষক পাওয়া গেল না। সেদিন যে যাদবপুর বিশ্ববিদ্যালয় হ'ল, সেখানেও প্রয়োজনান্তরূপ উপযুক্ত শিক্ষক পাওয়া যায় নি। ফলে অবসরপ্রাপ্ত, সরকারী ও বেসরকারী শিক্ষকদের নিয়ে সেখানকার কাজ চলছে। আগেকার দিনে বেথাপড়া শিখে ছেলেরা শিক্ষকতা বৃদ্ধি অবলম্বন করবার জন্য যে পর্যামাণ আগ্রহাবিত হ'ত, আজকাল আর তাঁদের শয়ে সেই আগ্রহ দেখা যায় না। ইউনিভার্সিটির রিসার্চ স্টাডেন্টদের সংখ্যা এখন অনেক কমে গেছে। আগেকার মত ইউনিভার্সিটিতে আর রিসার্চ হয় না। দেশে কাণ্ডন-কোলিনের যুগ এসেছে। শিক্ষকের ব্যবসা অর্থকরী নয় বালে ভাল ছেলেরা সহজে কেউ শিক্ষক হ'তে চায় না। সুতরাং বর্তমান অবস্থায় বর্দ্ধমানে যদি একটা বিশ্ববিদ্যালয় করা হয়, তাহলে সেই বিশ্ববিদ্যালয়ে শিক্ষক কোথা থেকে পাওয়া যাবে বুঝি না। সে বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য ভাইস-চ্যাসেলার ও সিনেটেরই বা হবেন কারা? আবার জলপাইগুড়িতেও একটা বিশ্ববিদ্যালয় স্থাপন করবার বাস্থা হচ্ছে। সেখানেও এই একই সমস্যার উন্ভব হবে। ফলে ব্যাপার এই দাঁড়াবে যে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যে স্বল্প-সংখ্যক প্রথম শ্রেণীর শিক্ষার্থী আছেন, তাঁদের বা অবসরপ্রাপ্ত শিক্ষার্থীরা তাঁদের নিয়ে টানা-হে ঢড়া চলবে। ফলে এইসব ন্তৰন বিশ্ববিদ্যালয় একটা উচ্চ-পর্যায়ের কলেজের চেয়ে বেশী কিছু হবে না। দিল্লী বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব ভাইস-চ্যাসেলার খাতনামা শিক্ষার্থী স্বরেন্দ্রনাথ সেন মহাশয় সম্প্রতি এইসব কথা বিবেচনা ক'রে ন্তৰন ন্তৰন বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রতিবাদ করেছেন। স্যার যদুনাথ সরকারও এ বিষয়ে প্রতিবাদ জ্ঞাপন করেছেন। যদিও আমি ডাঃ রায়ের শিক্ষা-নীতির সঙ্গে ১৫ আনা এক মত, তব'ও ডাঃ রায়কে বিশেষভাবে অনুরোধ করাই, এ-সম্পর্কে তাঁর যে আগ্রহ আপাততঃ কিছুদিন সেটা স্থান্তর রাখুন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অবস্থার উন্নতি বিধান করে এবং মাধ্যমিক বিদ্যালয়গুলি যাতে প্রকৃত শিক্ষাকেন্দ্রুপে গড়ে ওঠে, সেই ব্যবস্থা করে তবেই এতে হাত দিন। জলপাইগুড়ি, বিশেষ করে বর্ধমান, কলকাতা থেকে অতি অল্প দ্রু ; সেখানে বিশ্ববিদ্যালয় স্থাপন করার কিং প্রয়োজনীয়তা হয়েছে তা বুঝি না। আমার বন্ধু সত্তাৰ সাহেব বর্দ্ধমানে থাকেন, তিনি বুকে হাত দিয়ে বলুন, এখানে বিশ্ববিদ্যালয় থাকায় তাঁদের কি, কি অসুবিধা হচ্ছে? আমার মতে বর্ধমান বা জলপাইগুড়িতে আপাততঃ কোন বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রয়োজন নেই। তবে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কতক অংশ কলাণীতে স্থানান্তরিত করবার জন্য যে প্রস্তাৱ হয়েছে তা আমি সর্বান্তকৰণে সমর্থন কৰি।

[12—12-10 p.m.]

কারণ অন্যান্য দেশের বিশ্ববিদ্যালয় যাঁরা দেখে এসেছেন তাঁরা কলিকাতা বিশ্ববিদ্যালয় ভবনের চতুর্পার্শৰ অবস্থা দেখে লঙ্ঘা বোধ করবেন। কলাণীতে যদি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কতক অংশ স্থানান্তরিত হয় অথবা ন্তৰন বিশ্ববিদ্যালয় হয়, তাহলে সেটা আমাদের গবের বস্তু হয়ে দাঁড়াবে। কলাণী পর্যন্ত ইলেকট্রিক ট্রেন হচ্ছে। সেখানে যাতায়াতেরও কোন অসুবিধা হবে না। ৪০ মিনিটের শয়ে সেখানে যাওয়া যাবে। কলাণী হতে পারে, বিরোধীপক্ষীয়েরা যা বলেছেন, ডাঃ বিধানচন্দ্ৰ রায়ের 'মানসকন্না', তাতে তাঁর সহকর্মী ও গৃহস্থ বাস্তুদের লজিজত হবার, কোণ নাই। কলাণীতে বিশ্ববিদ্যালয় হবার উপযুক্ত পরিবেশ ও উপযোগিতা আছে। আজ যাঁরা কলাণীর নিম্না করছেন, তাঁরা দেখবেন কিভাবে কলাণী উন্নতি লাভ করছে। জলপাইগুড়ির চারবাবু আছেন, নবাব সাহেব আছেন, তাঁরা হয় তো অস্তুষ্ট হবেন, তব' সরকারকে বলবো জলপাইগুড়ি ও বন্ধুমানে বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠা আপাততঃ স্থগিত রাখ্বন। সত্ত্বার সাহেবও যেন এতে দৃঢ়ীত না হন। কিলকাতা বিশ্ববিদ্যালয় নিয়েই আপাততঃ তাঁরা সন্তুষ্ট থাকুন। তারপর আর একটি কথা তাঁরা তবে দেখুন, ন্যূন ন্যূন বিশ্ববিদ্যালয় থেকে যে-সমস্ত ছেলে পাশ করে বেরুবে, তাদের বেকার সমস্যা কি করে সমাধান করবেন? তাহলে ন্যূন বিশ্ববিদ্যালয় করে মোটের উপর আমাদের বর্তমান অবস্থায় লাভ কি হবে?

শিক্ষা প্রসঙ্গে এইবার আরেকটা কথা, শিক্ষা-বিভাগের পুনর্বর্ণনাস বা রিঅরগ্যানিজেশন সম্বন্ধে অনেক কথাই অনেক দিন থেকে বলা হয়েছে, কিন্তু দ্যুর্ধের বিষয় এপর্যন্ত আশন্তৃপ কোন ব্যবস্থাই অবলম্বন করা হয় নি। শিক্ষাসংস্থাবের হাতে ডিপিআই-এর হাতে বর্তমানে মাধ্যমিক শিক্ষা সংস্থার বিলুপ্তির পরে এবং বিভিন্ন স্তরের শিক্ষার বিস্তৃতির সঙ্গে সঙ্গে অনেক বেশী কাজের ভার পড়েছে। বিশেষতঃ সম্প্রতি শিক্ষাসংচিত ও ডিপিআই, এই দ্যুইটি পদের কাজের ভার একজনকে করতে হচ্ছে। এই ভার জ্ঞাব করা নিতান্ত আবশ্যিক। যাদিও আর্মি স্বীকার করবো শিক্ষা-বিভাগের কর্তৃচারীদের বিবরণ্যে এই গুরুত্বার সত্ত্বেও কর্তব্যে শৈশ্বর্ত্ত্ব প্রকাশের এ-পর্যন্ত কোনোপ অভিযোগের দখা আমার কানে আসে নি। কিন্তু অবস্থা এরপ থাকলে এফিসের্যালিস কি সংফার করবে না? তারপর আমাদের শিক্ষামন্ত্রী, প্রধানমন্ত্রী হওয়ায় তাঁর হাতে এত বেশী কাজ যে, তিনি একবিল্ড নিঃশ্বাস ফেলবারও অবসর পান না। এই বয়সে তিনি যে দিপুল পরিমাণ কাজ নরছন, তাতে আর্মি মনে করি তিনি আমাদের প্রতিক্রিয়েই অশেষ হৃতজ্ঞতাভাজন। কিন্তু তিনিও ত গান্ধুষ, তাঁকে আমরা সব সময় সব কথা জানাবার সুযোগ পাই না। (বিবেচনাপক্ষ থেকে হাস্য—সত্তা কথা বললেন?) আর্মি সব সময় সত্তা কথাই বলি; সত্তা কথা বলার সংসাহস আমরা আছে। স্বতরাং আমার বক্তব্য হচ্ছে, ডিপিআই, এবং শিক্ষা-বিভাগের সেক্রেটারী দ্যুইজন আজাদা লোক হওয়া দরকার।

বহুদিন পর্বে থেকেই আরেকটা বিষয়ের প্রতিও সরকারের দ্বিতীয় আকর্ষণ করে আসছি। বিষয়টা হচ্ছে টেকনিক্যাল এডুকেশন-এর স্বয়ংকৃত ব্যাপার। এই ব্যাপারে আর্মি ডাইরেক্টর অফ ইন্ডাস্ট্রিজ ও চিফ ইনসিপেক্টর অফ টেকনিক্যাল এডুকেশন-এর সঙ্গে যোগাযোগ করে এই কথাও ব্যববার বলে এসেছি, তাঁরা দেশে ছেলেদের টেকনিক্যাল এডুকেশন-এর ফ্যাসলিটিজ কোথায় কিরকম আছে তা ভাল করে লোককে বললুন। এ সম্বন্ধে ভাল একথানি প্যামফ্লেট বা কেতাব বার করুন, যাতে করে গার্জেন্রা জানতে পারেন, কোথায় কি স্বয়ংকৃত স্বীকৃতি আছে। ডাঃ রায় এখানে নাই, এখানে না থাকলেও আর্মি জানিন তিনি আমাদের সব কথা শনছেন। আর্মি আশা করি তিনি অত্যন্ত ধীরভাবে আমার কথা শনবেন। এই প্রসঙ্গে আরেকটা কথা আর্মি এখানে বলব। আমাদের এখানে যে গভর্নমেন্ট আর্ট্স কলেজ আছে, তা থেকে মাত্র ডিপ্লোমা দেওয়া হয়। সেখান থেকে সাইমালটেনার্সলি ডিগ্রি দিবারও ব্যবস্থা করা দরকার। তারও চেয়ে বেশী দরকার যেসব ছেলেমেরে এখান থেকে পাশ করে বেরোয় তারা বেকার হয়ে যাতে বসে না থাকে সৌদিকে লক্ষ্য রাখা। প্রতি বছর এখান থেকে ৪০।৫০ জন করে ছেলে পাশ করে দোরংয়ে সম্পূর্ণ বেকার হয়ে বসে থাকে। আগেকার দিনে জামিদার ও অভিজাত সম্পদার্থের লোকেরা ছবিব আদর করতেন ও কদর জানতেন। আমরা তা করি না। আমরা ৪০-৫০ হাজার টাকা খরচ করে বাড়ী তৈরী করি বটে, কিন্তু সেই বাড়ী, সাজাবার জন্য সামান ২০০ টাকারও ছবি রাখি না। আমরা সাধারণ ক্যালেন্ডার-এর ছবি কেটে, স্টেটসম্যান অফিস-এর সামনে যেসব ছবি নিয়ে লোকে বসে থাকে সেসব ছবি কিনে আমাদের সৌন্দর্যপ্রীতি ও আকাঞ্চন্দ্র তৃপ্ত করি।

স্বতরাং এই যে বছর বছর ৫০।৬০ জন করে ছেলে আর্ট কলেজ থেকে ফাইন আর্টস এড়ে অন্যান্য বিষয়ে পাশ করে বেরুচ্ছে, তারা করবে কি? আর্মি ডিপিআইকে অনেকবার দালুচি। যাদি এদের কর্ম-সংস্থানের কোনও ব্যবস্থা না করা যায় তবে এ কলেজ বন্ধ করে দিন, কলেজগুলি রেখে ছেলেদের অনর্থক অজন্ম অর্থ ও সময় নষ্ট করিয়ে পাশ করতে প্লান করে দৃঢ়ে-দৃঢ়ে মারবেন না। আর্মি এই ব্যাপারে অবস্থার শোচনীয়তা আরো বিশেষ

করে অনুভব করি এইজন্য যে, আমি এ-বিষয়ে ভুক্তভোগী। আমার একটি ছেলে খুব ভালভাবে লেটার পেয়ে ম্যাট্রিকুলেশন পাশ করে। আমার স্ত্রীর এবং অন্য আয়ীয়স্বজন সকলেরই ইচ্ছা ছিল তাকে কলেজ এতুকেশন দেওয়ার। কিন্তু আমি সকলের কথা উপেক্ষা করে তাকে এই আর্ট কলেজের ফাইন আর্ট শিখতে দিয়েছিলাম। তার বহু ছবি একজিবসনে বিক্রী ও হয়েছে, কিন্তু এতসম্মত এখন সে বেকার হয়ে চুপ করে ঘরে বসে আছে। আর আমি আমার আয়ীয়স্বজন সকলের স্বারা প্রতিদিন নিন্দিত, তিরস্কৃত হচ্ছি। শুধু আমার ছেলে নয়, এইরকম বহু ভাল ভাল ছেলে প্রতি বৎসর ৫০। ৬০ জন করে আর্ট কলেজ থেকে বেরয়েছে। সকলেই তারা বেকার। তাদের কর্ম-সংস্থানের জন্য সরকার থেকে যেনে একটা ব্যবস্থা করা হয়। এই বিষয়ে অবাহত হতে আমি সরকারকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। এইবার আজকের দিনে সব চেয়ে যে গ্রন্তির সমস্যা, খাদ্য-সমস্যা—সেই সম্বন্ধে দ্বিঃ-একটি কথা বলবো। রাজ্যপাল তাঁর অভিভাবণে খাদ্য-সমস্যার উপর যে মথেষ্ট গ্রন্তি আরোপ করেছেন, এটা ভালই করেছেন। এর জন্য আমরা তাঁর কাছে কৃতজ্ঞ।

আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে অনেকবার বলেছি, তিনি যে পরিসংখ্যান দিয়েছেন, সেটি তাঁকে খুস্তি করবার জন্য তাঁর অধ্যন্তন কর্মচারীরা তাঁকে দিয়েছেন কিনা জানি না। তা যদি না হয়, তাহলে আমি তাঁকে জিজ্ঞাসা করবো খাদ্য সংকট উপরিস্থিত হয়েছে কেন? প্রতোককে সাড়ে-সাত ছাটাক চাল দেওয়া হবে, এই কথা শুনে আমার বাড়ীতে কে কতটুকু ভাত খায়, তা পৰীক্ষা করে দেখেছি, ছ' ছাটাক, সাড়ে ছ' ছাটাকের বেশী কারো চাল লাগে না। চাকর-বাকরেরও সাধারণত সাত ছাটাকের বেশী লাগে না। কাজেই এই হিসাবে যে পরিমাণ চালের প্রয়োজন হয় তা যদি মজুত থেকে থাকে, উৎপন্ন হয়ে থাকে, তাহলে মোটামুটি বলা যায় উৎপন্ন খাদ্যশস্য খুব কম হয় নি। তবু খাদ্যশস্যের দাম এত বেশী হচ্ছে কেন? রাজ্যপালিকা তাঁর ভাবণে ম্ল্য বৃদ্ধির যে-সমস্ত কারণ দিয়েছেন, তাঁর কতকগুলি নিঃসন্দেহে সত্য। ফসল মোটের উপর আগের চেয়ে ভাল না হলেও সে খুব খারাপ হয় নি এটা অস্বীকার করা চলে না।

(এ ভয়েসঃ তাহলে ১৫টী জেলার মধ্যে ১১টা জেলায় টেক্ট-রিলিফ দেওয়া হচ্ছে কেন?)

এখন অনেক লোক বেশী কাপড় পড়ছে, জামা গায় দিচ্ছে। অনেক লোক আগে যা খেতে—অবস্থা ভাল হওয়ায় এখন তাঁর চেয়ে বেশী খাচ্ছে। এ-কথাও অস্বীকার করা যায় না। কিন্তু এর মধ্যে বর্তমানে যে দারুন খাদ্য সংকট উপরিস্থিত হয়েছে তাঁর কোন স্বত্ত্বাধিকারক ব্যাখ্যা পাই না। খাদ্যমন্ত্রী মহাশয় অনেকবার বলেছেন, সম্পন্ন চাষীরা খাদ্যশস্য মজুত করে রেখেছে। আবার রাখী-মালের ব্যবসা অর্থাৎ সস্তায় চাল কিনে রেখে ৭-৮ মাস পরে চিংগারী দামে তা বিক্রী করবার ব্যবস্থাও বাবসায়ী মহলে বহুদিনের। কাজেই সম্পন্ন চাষী এবং এক-শ্রেণীর মজুতদার সকলেই মাল মজুত করে রাখছে। এই দ্বিতীয় ম্ল্য-বৃদ্ধির মস্ত বড় কারণ।

[12-10--12-16 p.m.]

মজুতদারদের বিরুদ্ধে কঠোর আইন করার জন্য বহুদিন ধরে বলে আসছি। পার্কিস্তানের সঙ্গে অনেক বিষয়ে আমাদের মতভেদ আছে, কিন্তু পার্কিস্তান যে কঠোর আইন করে কঠগুলি স্বার্থপর মজুতদারকে জন্ম করেছিল, এর জন্য পার্কিস্তান সরকারকে সুস্থায়িত করি। শেষ পর্যন্ত এই আইনের কি ফল হয়েছিল জানি না। কিন্তু এর ইমিডিয়েট মর্যাদা এফেক্ট বড় কম হয় নি। সুতরাং সরকারকে অনুরোধ করব এমন একটা আইন তাঁরাও করুন হোরডারদের বিরুদ্ধে। আইন করলেই যে তখনই প্রয়োগ করতে হয় তা নয়। পার্কিস্তানে যা করেছিল সেটা ভাল করে বুঝে আমাদেরও সেইভাবে কাজ করতে হবে। মজুতদার মহলে এর একটা যে ডিটারেল এফেক্ট হবে তাতে অবস্থার উর্ণাত হবে বলে আমাক বিশ্বাস।

খাদ্যমন্ত্রী মহাশয় এই সংকটে ইতিমধ্যে যা করেছেন, আমি তাঁকে সেজন্য ধন্যবাদ জানাই। তাঁকে অনুরোধ করি সম্ভা দামে খাবার দেবার জন্য যে-সমস্ত দোকান খুলেছেন, সে-সমস্ত দোকানে প্রচুর পরিমাণে চাল-কাপড় প্রস্তুত যাতে পাওয়া যায় তাঁর ব্যবস্থা করুন। লঙ্গরখানা

খোলবার যে ব্যবস্থা করেছেন, সেও ভাল। লঙ্গরখানার সঙ্গে আমাদের পরিচয় আছে; এর ভাল ও মন দ্বাই দিকই আছে। এতে দেশের লোককে ভিজ্ঞকে পরিগত করে তোলে সত্তা। কিন্তু লঙ্গরখানা খোলা ছাড়াও ত বর্তমান অবস্থায় আর কোন উপায় দৰ্শিত না। তবে সঙ্গে সঙ্গে খাদ্যপ্রয়োগের ম্লা যাতে কমে সে ব্যবস্থাও করুন। আর চাল-ডালের সঙ্গে ঝাঁও যাতে আরেকটু সস্তা দামে পাওয়া যায়, সে ব্যবস্থাও করুন। দেশের অনেক উন্নতি হয়েছে, সে বিষয়ে কেন সন্দেহ নাই। হাসপাতাল বেড়েছে, দেশ থেকে ম্যালেরিয়া বিভাগিত হয়েছে, ডাক্তারো রোগীর অভাবে প্লাইগ্রামে কান্যাকাটি আরম্ভ করে দিয়েছেন। রাস্তাগাড়িরও ড্রেডারফুল উন্নতি হয়েছে। দেশ উন্নয়নের বড় বড় স্কীম হয়েছে, অজয়, দামোদর ইত্যাদি স্কীম সাফল্যার্থাল্ডত হতেও চলেছে। কিন্তু এতদসত্ত্বেও এ কথা অস্বীকার করা যায় না যে, দেশের সাধারণ লোকের অবস্থার খুব বিশেষ উন্নতি হয় নি। যারা কৃষিকার্য করে, যারা ফাক্ট্রীর পেটে ওয়ার্ক করে, তাদের ছাড়া মধ্যাবিত্ত লোকের অবস্থার বিশেষ কিছুই উন্নতি হয় নি। সব চেয়ে বড় কথা, জিনিষপত্রের দাম বাড়া ছাড়া কিছুই কমে নি। কেন এমন হল সে সম্বন্ধে গভর্নেন্ট নিশ্চয়ই অবহিত আছেন, কারণ গভর্নেন্ট যাঁরা পরিচালন করেন, তাঁরা আমাদের চেয়ে কম যোগতাসম্পন্ন বা দেশভক্ত নয়—প্যাট্রিওটিজম বিরোধীপক্ষের মনোপলী নয়। সুতরাং অবিলম্বে জিনিষপত্রের দাম যাতে কমে সে ব্যবস্থা সর্বাগ্রে করুন, সুন্দর দরে দোকান খুলুন।

এইবার হাসপাতাল সম্বন্ধে কিছু বলব। হাসপাতালে যে-সব চিকিৎসার সাধারণ ফের্সলিটিজ, যে-সব ঔষধ-পত্রের সাধারণ স্টুবিধা পাওয়া উচিত তা পাওয়া যায় না। ডাঃ যায়ের সঙ্গে এ-সম্বন্ধে আর্মি কয়েকবার পত্র ব্যবহার করেছে। হাসপাতালগুলির এ অবস্থার অবিলম্বে সামরিয়কভাবেও কেন উন্নতি করা যায় কিনা তাঁকে তা দেখতে বলোছি। আর্মি জানি আমাদের দেশের যা দরকার সে পরিমাণ অর্থ আমাদের নেই। আমাদের এখানে রোগীর যা ভিড় তার উপযোগী বেডের সংখ্যা বাড়ান বা চিকিৎসার উপযুক্ত ব্যবস্থা করার মত সামর্থ্য আমাদের নেই। আমাদের এখানে নামের সংখ্যা কম। এত বড় যে ক্যাম্পবেল হাসপাতাল, সেখানে যে অবস্থা গত এক বৎসরের ভিত্তির আর্মি নিজে এবং আমার বাড়ীর অন্যান্য কয়েকজন সেখানে ইনডের-এ থেকে দেখে এসেছি, তা সতাই পৌঁড়ায়ক। এজন্য অন্যান্য বায়-ভাব কর্ময়ে একটু ভাল রকমের ঔষধপত্র ও নাসির-ঝোঁঝো ব্যবস্থা করার জন্য আর্মি ডাঃ বায়কে অনেকবার বলেছি। আর্মি দেখেছি তিনি এই বিষয়ে সম্পূর্ণ সজাগ। কিন্তু তিনি জানিয়েছেন অর্থাত্বাবের জন্য কিছু করতে পারছেন না। তাহলেও আর্মি তাঁকে অন্যরোধ করব, তিনি দেখেন এই অবস্থার কিছু উন্নতি করা যায় কিনা। ক্যাম্পবেল হাসপাতালে পায়খানার ও স্নান করবার স্বীকৃত্ব নাই। সেখানে যদি আরো দু-চারটা পায়খানা ও স্নানের জায়গা করে দেওয়া যায়, বারাংডায় রোগীদের জন্য কোনও পাথা নাই, যদি কয়েকখন করে পাথার ব্যবস্থা করে দেওয়া যায়, তাহলে কম খরচেও অবস্থার কিছু উন্নতি হতে পারে। আর্মি সরকারকে অন্যরোধ করব অংশ বায়ে এই প্রকারের কিছু সংস্কার-পথন করা যায় কিনা, সে বিষয়ে তাঁরা চিন্তা করে দেখুন।

ওয়েল্ট আণ্ড একস্ট্রাভেগেন্স সম্বন্ধে বিরোধীপক্ষের সদস্যরা গভর্নেন্টকে নিম্ন করেছেন, কিন্তু একটা কথা তাঁরা ভুলে যান--

people get the Government which they deserve

গভর্নেন্টের যাঁরা কর্মচারী, তাঁরা আমাদেরই লোক। নিজেদের ব্যক্তে হাত দিয়ে বলুন ত কে কতখান অনেকট। সুতরাং আমরা নিজেরা যদি অনেক না হই, প্রাতি মৃহৃত্ত আমরা যাঁদি ডিস-অনেকট হই তাহলে সরকারী কর্মচারী যাঁরা হবেন, তাঁরা দেবতা হবেন, আমরা এটা করে আশা করতে পারি। সরকারী কর্মচারীদের বেতন কমাবার জন্য ত আপনারা সর্বদাই ব্যবহৃত। কিন্তু সাব-ডেপুটির মাইনে ১০ বছর আগে যা ছিল এখনও তাই আছে। ডেপুটীদের মাইনেও তাই আছে, সাব-রেজিস্ট্রারের মাইনেও তাই আছে। ২।৪ জন আই. সি. এস, সেক্রেটারীর ৩।৪ হাজার টাকার মাইনের কথা বলছেন। কিন্তু ডেপুটী ম্যাজিষ্ট্রেট, মনসেফ, তাদের ২ শো টাকা থেকে ২॥ শো টাকা টার্টাঁ পে করা হয়েছে, অর্থ

জিনিশের দাম কত গুণ বেড়ে গেছে। সাব-ডেপুটী, সাব-রেজিস্ট্রার, এবা ত ক্ষেত্রে হার্ফিং, এদের সম্বন্ধে ত কিছু বলেন না। পুলিশের মাইনে ৫ টাকা বাড়লে, এমন কি ২ টাকা বাড়লেও তা নিয়ে হৈ-হৈ করে উঠেন। অথচ আশা করেন—

police must be paragon of perfection.

তাত হয় না ভাই (সকল দিকে হাসা)। আমাদের এই ব্যবস্থাপক সভায় কত সদস্য ৫ পর্যন্ত, ৩ পর্যন্ত ভাড়া দিয়ে আসেন। অথচ ২॥ টাকা করে রাহা-খরচ গ্রহণ করেন, কতজন সদস্যদের কলিকাতায় বাড়ী থাকা সত্ত্বেও ডেল এ্যালাউন্স নিয়ে থাকেন। আমরাই যদি এই কর তাহলে অন্য লোকের বিবৃত্যে আমরা কি করে কথা বলবো?

**Mr. Chairman:** This is going a bit too far. This is a reflection on the members' rights and privileges.

**Sj. Mohitosh Rai Choudhuri:**

সুতরাং যত্তদিন পর্যন্ত আমাদের নিজেদের মরাল ইম্প্রুভমেন্ট না হয়, তত্ত্বদিন পর্যন্ত গর্ভন্মেল্টকে গালাগালি দিয়ে লাভ নেই, এই কথা আমাদের মনে রাখা উচিত যে, আমাদের কর্মচারীরা আমাদেরই ভাই। সুতরাং যদি ডিসঅনেলিং ও একস্ট্রাভাগেল্স সরকারী মহলে বেড়ে থাকে, তবে তার প্রতীকারের একমাত্র উপায় হচ্ছে নিজেদের চারিত্ব সংশোধন করা। অতএব স্বামীজির কথা স্মরণ করে সর্বাপ্রে আমাদের নিজেদের চারিত্ব সংশোধন করার চেষ্টা করা উচিত। আমার বিবরোধীপক্ষের বন্ধুদের একথা বলে অনুরোধ করি, অকারণে বিবরোধীতা পরিভ্যাগ করে সরকারের সঙ্গে সহযোগিতা করে দেশকে উন্নত করার জন্য চেষ্টা করুন।

### Adjournment.

The Council was then adjourned at 12-16 p.m. till 9 a.m. on Friday, the 7th June, 1957, at the Legislative Buildings, Calcutta.

### Members absent.

Banerjee, Sj. Sunil Kumar,  
 Banerjee, Sj. Tara Sankar,  
 Chakravarty, Sj. Hridoy Bhushan,  
 Choudhuri, Sj. Annada Prosad,  
 Ghose, Sj. Kamini Kumar,  
 Ghosh, Sj. Asutosh,  
 Mookerjee, Sj. Kamala Charan,  
 Prodhan, Sj. Lakshman,  
 Saraogi, Sj. Pannalal,  
 Sarkar, Sj. Pranabeswar, and  
 Singha, Sj. Biman Behari Lall.

## COUNCIL DEBATES

Friday, the 7th June, 1957.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 7th June, 1957, at 9 a.m. being the third day of the Eleventh Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

### Debate on Governor's Speech

[9—9.10 a.m.]

#### Janab Abdul Halim:

মিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয়া রাজাপাল মহোদয়া তাঁর দীর্ঘ ২০ প্রস্তা ব্যাপী উত্বেধনী ভাষণে পশ্চিমবঙ্গের খাদ্য পর্যবেক্ষিত থেকে শুরু করে উত্বাস্তু সমস্যা, শিক্ষা, স্বাস্থ্য, কামুকান্তি ডেভেলপমেন্ট প্রজেক্ট, ন্যাশনাল এক্সটেলন সার্ভিস ব্রক, গৃহ-নির্মাণ, কোড টেকারেজ, পশ্চাপালন, পশ্চপ্রজনন, দ্রুত সরবরাহ, বন-সম্পদ বৃদ্ধি, ভলসেচ, কংসাবতী উত্তাধার পরিকল্পনা, সমবায় পদ্ধতিতে মাছের চাষ, স্বাস্থ্যায়ুক্তি, চিকিৎসা, মাহসদন, বিস্তৃত ইত্যাদি বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে আলোচনা করেছেন।

মিঃ চেয়ারম্যান, স্যার, মাননীয়া রাজাপালের বক্তৃতা পাঠে খাদ্য-সংকট, উত্বাস্তু সমস্যা, ব্রকারী, মহামারী, ম্ল্য বৃদ্ধি প্রভৃতি সমস্যায় জরুরীত পশ্চিমবাংলার মানুষের প্রকৃত অবস্থা যে কতদুর শোচনীয়, মানুষ অনাহারে মাছে, নঙ্গরখানায় ভীড় করছে, আহতভাঙ্গ হচ্ছে তা কেউ বুঝতে পারবেন না। তাঁর ভাষণে প্রকৃত অবস্থাকে এঁড়িয়ে, সরকারের সভার একটা ফিরিসিট দিয়ে রাজের অগ্রগতির একটা রঙগীন ছবি ফুটিয়ে তোলা হচ্ছে। দুর্ভু দেশের মানুষের সামনে খাদ্য-সংকট যে কত গভীর তার ভয়ানক খবর পশ্চিম-বাংলার গ্রন্থী অগ্ন থেকে প্রতাড় আসছে। শিশু-প্রস্তুত মায়ের একমোগে উন্দরাখনে আয়ত্তো, শ্রম-ভাবে, খাদ্যাভাবে আহতভাঙ্গ মর্মস্তুদ কাহিনী আজ বাংলার মানুষকে ভাবিয়ে তুলেছে। দু পোরাস্থী যে সকলেই গভীর উত্বেগের সংটিক করেছে, মাননীয়া রাজাপাল তা স্বীকার করতে পারেন নি, তাই তিনি দৈনিক ১৫ আউল্য খাদ্য প্রদানের জন্য উপদেশ দয়াছেন, কৈ খেতে বলেছেন। তিনি বলেছেন, ক্যাটিন খোলা হচ্ছে, ডেল দেবার অবস্থা হয়েছে, কিছু নগদ অর্থ, কিছু শস্য, গর দেবার সিদ্ধান্ত হয়েছে এবং তিনি মনে করেন কেন্দ্রীয় সরকারের নিকট থেকে তিনি লক টন গর পেলেই খাদ্য সমস্যার সমাধান করে। এই অবস্থা যে দেশকে কোথায় নিয়ে যাবে খাদ্য-সংকটের সমাধানে সরকারী বাধ্যতাই প্রয়াগ করছে।

আমার সংশোধনী সম্পর্কে আলোচনার প্রবেশ আমি সাধারণভাবে পশ্চিম-বাংলা সরকারের প্রতীক্রিয়া সমগ্রশোচনা না করে পারি না। নির্বাচনের সময় শাসক পার্টি দেশের লোকের মাঝে প্রকৃত অবস্থা গোপন করেছেন। তাঁরা সরকারী ক্ষমতা ও সর্ববিধাগুলি নির্বাচনের পৰ্যাকার করেছেন। তার জন্য তাঁরা শুধু পেয়েছেন খাদ্যমন্ত্রীর পরিসংখ্যায়। এই পরিসংখ্যানের মধ্যে মানুষের বাস্তব জীবনের কোন মিল নেই। খাদ্যের দাম বেড়েছে, ট্যাক্স বেড়েছে, লাকে খেতে পাচ্ছে না, অনাহারে মাছে, আর আমাদের মন্ত্রী গহাশয়রা আয়সন্তুষ্টির দ্বারা প্রকাশ করছেন। দেশের এই গুরুতর পরিস্থিতির জন্য সরকারই মূলতঃ দায়ী—তাঁদের দ্বারা প্রকাশ পরিকল্পনা, তাঁদের খাদ্যনীতি এই সংকটের জন্য দায়ী।

পশ্চিম-বাংলার ১৫টি জেলার মধ্যে ১১টা জেলায় সংঘাতিকভাবে খাদ্য-সংকট দেখা দয়েছে। এই অবস্থা সরকার আগে থেকে অবগত হতে চেঞ্চা করেন নি। চালের দুর ২৫ টকা থেকে ৬০ টকা পর্যন্ত উঠেছে। চালের ও খাদ্যদ্রব্যের দুর বৃদ্ধি ও ন্যূন ট্যাক্সের দ্বারা মানুষের জীবন-ধারণের খরচ ১৫ পার্সেন্ট থেকে ২০ পার্সেন্ট বাড়িয়ে দিয়েছে। দামাদের খাদ্যমন্ত্রী মহাশয় পরিসংখ্যান গ্যাজিক-এর সাহায্যে খাদ্য-সমস্যার সমাধান করে

থাকেন। ১৯৫৬ সালের ১৪ই ফেব্রুয়ারী তারিখে তিনি বলেছিলেন, খাদ্য-সমস্যার সন্ধান হয়ে গিয়েছে, কিন্তু সকলেই জানেন যে, ১৯৫৩-৫৪ সালে যে পর্যাপ্ত খস্য হয়ে তার জন্য। পণ্ডিতৰ্ক উচ্চায়ন পরিকল্পনার তত বেশী কৃতিত্ব ছিল না, যত না তার কারণ ছিল প্রাকৃতিক দার্শন ও সূর্যবিধা। ১৯৫৬ সালের বন্যা ও শস্যহানির জন্য যে খাদ্য-সংকট বৃদ্ধি পাইছিল তাকে বৃথৎ করবার চেষ্টা খাদ্যমন্ত্রী ও তাঁর সরকার করেন নি। ১৪ই তারিখে তিনি যে বিবৃতি দিয়েছেন তাতে বলেছেন যে, ডয়ের কোন কারণ নেই। অথচ পশ্চিম-বাংলার সমস্ত জেলায় লক্ষ লক্ষ লোক দুর্গত কৃষক ও সাধারণ মানুষ জেলা-শাসকদের নিকট ভুক্ত মিছিল নিয়ে হাজির হয়েছে, রিলিফ কাজ ও সাহায্যের জন্য। তিনি এই সময় একটা পর্যাসংখ্যান দিলেন,—তাতে তিনি দেখালেন যে, দেশের খাদ্য উৎপাদন ১৯৫৬ সালে বৃদ্ধি পেয়ে ৩৮ লক্ষ টনে পৌঁছেছে, কিন্তু লোকসংখ্যা বেড়েছে ২৮ মিলিয়ন, অর্থাৎ ২ কোটি ৮০ লক্ষ। কাজেই ৪২ লক্ষ টন খাদ্যের প্রয়োজন—মাত্র ৪ লক্ষ টন ঘাটাত্তি হবে। উন্বাস্তু ও জল বৃদ্ধির জন্য কিছু ঘাটাত্তি হবে, তাতে তাঁর কাছে খাদ্য পরিস্থিতি মোটেই সংক্রান্ত নয়। এই রকম আমাদের খাদ্যমন্ত্রীর মধ্যে শোনা যায়—একত্তিৎ টু মিঃ পি. সি. সেন। আমাদের দেশের লোকসংখ্যা বেড়ে ২ কোটি ৮০ লক্ষ দাঁড়িয়েছে। তার আগের একটা ষ্টেটমেন্ট-এ ১৯৫৫ সালে তিনি বলেছিলেন, আমাদের দেশের লোকসংখ্যা ২ কোটি ৫৮ লক্ষ, অর্থাৎ ১৯৫৬ সালে ৩ লক্ষ ৯ হাজার লোকের যাদি এ্যাবনর্মাল প্রোথ হয়, তাহলে ১৯ লক্ষ প্রিমিটিভী ১৯৫৬ সালে পার্কিস্তান থেকে এসেছে ধরতে হবে। মুখ্যমন্ত্রী মহাশয় আরও এক ধাপ এগিয়ে গিয়েছেন। তাঁর ২৮শে মে ১৯৫৭ তারিখের প্রেস ষ্টেটমেন্ট-এ তিনি যা বলেছেন—

“World shortage of rice and of odious habit of the people of West Bengal of eating more rice than what is good for health”.

[9-10—9-20 a.m.]

এইসব কারণে আমাদের খাদ্য-সংকট বেড়েছে। দেশের এই খাদ্য-সংকট কর্মাতে গেলে কর্ম খেতে হবে, চল কর খেতে হবে, ভাত কর খেতে হবে এবং ভেজিটেবলস, ফল ইতাদি সাবসিডিয়ারী খাবার আমাদের খেতে হবে। জানি না, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি খান। আমরা শুনেছি, তিনি নার্কি এক টুকরা মাছ আর কিছু ফল খান: কিন্তু তাঁর এই বৃদ্ধি বয়সে বেশী খাবার প্রয়োজন আছে বলে মনে হয় না। তবে দেশের সাধারণ লোক যারা একেলোও পেট ভরে খেতে পায় না, তাদের বলা হচ্ছে তোমরা ভেজিটেবলস খাও, পটল খাও, পটল খেয়ে সব পটল তুলছে। তা ছাড়া আলু, বেগুন, মাছ খাও, ডাল খাও। আজ পটলের মের ১। আনা, ডালের দাম বেশী এবং মাছের দাম ত অনেক বেশী—সাধারণের নাগালের বাহিরে। তার উপর মানুষের ঝয়-ক্ষমতা কমে গেছে। কি কোরে এই সমস্ত কিনবে, তার কি ব্যবস্থা করেছেন? এই কথা শুনে সেই ফুরাসী দেশের বাণীর কথা মনে পড়ে, যিনি দেশে যখন খাদ্য-সংকট উৎপন্ন হয়েছিল এবং লোক খেতে পাইছিল না, তখন বলেছিলেন যে, রুটি যখন পাওয়া যাচ্ছে না, তখন ওরা কেক খাক। মন্ত্রী মহাশয়ের কথাও অনেকটা তাই। দেশের লোকের সম্বন্ধে এইরকম মনোভাব। প্রথম পণ্ডিতৰ্ক পরিকল্পনা শেষ হয়েছে, এই ৬ বছর হতে চলল, এবং নিয়ন্ত্রণ পণ্ডিতৰ্ক পরিকল্পনার নিয়ন্ত্রণ বৎসর চলছে। গভর্নর্মেন্ট দাবী করে থাকেন একটা মৃত্কল্প দেশকে তাঁরা প্রমুক্ষজীবিত করেছেন। দেশের সম্পদ বেড়েছে, খাদ্য-সম্পদ বেড়েছে এবং দেশে প্রজন্মীণ এসেছে। মন্ত্রীরা এই দাবী করলেও সাধারণ মানুষ জানে তাদের অবস্থা আজ কি। উপরতলার মানুষের কিছু সূর্যবিধা হয়েছে, পরিষেবার জন্য, তাঁরা কিছু লাভবান হয়েছেন, কিন্তু সাধারণ গরীব মানুষ আরও গরীব হয়েছে। তাদের খাদ্য-সংকট বেড়েছে, এবং আজ বৃক্তুষ্ট মানুষ আসছিল করতে বাধা হচ্ছে—ঠাই ত অবস্থা। আপার ইনকাম প্রুপ-এর কিছু সূর্যবিধা হয়েছে। আমরা জানি যে, প্লার্নিং কমিশন-এর রিপোর্টের ড্রাফ্ট মেমোরেণ্ডাম-এ যে সেকেণ্ড ফাইভ-ইয়ার প্ল্যানে দেশের অর্থেক লোক ১৩ টাকা ফর কনজাম্পশন অফ ফ্রড-এ বায় করতে পারে না। একত্তিৎ টু ইন্টার্ন্যাক এডভাইজেরস ইনডেক্স আমরা দৰ্শি—

The price of rice in March, 1957, has risen by 40 per cent. compared to January, 1956.

৬০ পার্সেন্ট দাম বেড়ে গেছে, গত বছরের তুলনায়। তারপরে—

Consumer price index for the working class in March, 1957,

১১:৫ বেড়ে গেছে। এ খবর 'স্টেটসম্যানের' ২৫ মে-তে বোরয়েছে : তাঁরা বলেছেন যে, কালিকাতা  
শহরে—

average price of rice of coarse variety

২৩৬ আনা, ১৫ডিয়াম ২৫ টাকা এবং তার চেয়ে ভাল ২৭ টাকা। তা ছাড়া তেল ও ভেজিটেবল-এর  
দামও বহু গুণ বেড়ে গেছে। এটা 'স্টেটসম্যানেরই' রিপোর্ট। আমাদের ফ্লড মিনিস্ট্রি  
দৰ্শয়েছেন, ট্যাটিস্টিক্স দিয়ে—

Relief and Distress Publication, January to July, 1956, issued by the Food  
Ministry—

তাতে দেখা যাচ্ছে—

"rice available for consumption out of production of 1954-55 was only  
3.83 million, over-all internal deficit 440 thousand tons".

কিন্তু তারপরে সেপ্টেম্বর-অক্টোবরে যে ষ্টেটমেন্ট দিয়েছেন মিঃ সেন, তাতে তিনি বলছেন—

the price of essential articles—

মাননীয় খাদ্যমশ্বী মহাশয় তাঁর ষ্টেটমেন্টেতে যে ফিগার দিয়েছেন, তাতে বলছেন ১৯৫৩-৫৪  
সলে সর্বলাস হবে, প্রায় ৮ লক্ষ টন। তারপরে ঐ তথ্যকথিত পার্বলিকশনে দৰ্শয়েছেন ৪  
লক্ষ ৯৫ হাজার টন খাদ্য বাড়িত হয়েছে। দেশ থেকে ১৪ হাজার টন চাল চালান হচ্ছে  
গেছে; তারপরে তিনি দৰ্শয়েছেন ১ লক্ষ ৫০ হাজার টন অন্যান্য ষ্টেটে চাল চালান হচ্ছে।  
কিন্তু সর্বপ্রারম্ভ চাল এদেশে আমদানী হয় নি। মাননীয় মন্ত্রীমহাশয়, আমাদের গতবাবের  
ফ্লড ডিবেট-এর সময় বলেছিলেন যে, দেশের অবস্থা খারাপ হচ্ছে না, খাদ্য-সংরক্ষের  
ঠিক নয়; তখন তিনি বলেছিলেন, এসব প্রোগ্রাম যাঁরা করেন, তাঁরা দ্বৰ্ভৰ্ক স্পষ্ট  
করতে চান; এই বলে তিনি সব সময়েই আমাদের গাল দেন এবং বলেন যে, ১৯৪০ সালে  
যে দ্বৰ্ভৰ্ক হয়েছিল, তার জন্য কর্মর্ণিট্রাই দায়ী। কর্মর্ণিট্রাই যেন দ্বৰ্ভৰ্ক স্পষ্ট  
করে, এই তাঁর অভিযোগ। আবার যদি কোন কনস্যুকটিভ সাজেসন তাঁকে দেওয়া হয়, যদি  
দেশের জনসাধারণকে কল্ফডেলস-এ নিয়ে সমস্যার সমাধান করবার কথা বলা হয়, তবুও  
খাদ্যমশ্বী মহাশয় আমাদের কথা শোনার প্রয়োজন বোধ করেন না। তাঁরা বলছেন, দেশের  
জনসংখ্যা বাড়ছে, সেইজনাই এটা হচ্ছে। তাঁর হিসাব মত ২ কোটি ৮০ লক্ষ লোক এবং  
রাজ্যপাল মহোদয়ার হিসাব মত ২ কোটি ৯০ লক্ষ লোক আমাদের দেশে হয়েছে। তাঁদের  
ট্যাটিস্টিক্স-এর গোলমাল আমরা বুঝি না। তবে এই লোকসংখ্যা যে বেড়ে গেছে এবং  
তাঁর ফলে খাদ্য-সংকট হচ্ছে। ৩৮ লক্ষ টনের মত ইনক্রিজড প্রদাকশন হয়েছে, যেখানে ৪২  
লক্ষ টন খাদ্যশস্ত্রের দরকার এবং সেজন্য ৪ লক্ষ টন সর্টেজ হবে; আর কেন্দ্রীয় গভর্নর্মেন্টের  
কাছ থেকে গম ইত্যাদি পেলে পর এই সমস্যার সমাধান হবে। দেশের লোকের প্রজনন-স্পষ্ট  
বা ফেকান্ডিটো বেড়ে গেছে এবং সেজন্য খাদ্যের এইরকম কমতি হচ্ছে। মিঃ চেরাকুমারেন,  
সার, সে যাই হউক, আর্মি ৪৮ হাজার সকালের কাগজে দেখালাম যে, ডোমেইন থানার প্রশান্ত  
দাসের স্থানী আঘাত্যা করেছে; কুক্ষণগর থানার দিগনগর ইউনিয়নের বাটামগাহির গ্রামের  
দুলাল বলে একজন লোক অনহারে ক্ষুধার ঘন্টায় আঘাত্যা করেছে; কুক্ষণবাস ফুলিয়ায়  
একজন সংকারী শিক্ষক থেকে না পেয়ে অনেকদিন অনহারে থেকে মৃত্যুকে বরণ করেছে।  
আজ শত শত লোক মৃত্যুমুখে পর্যটত। আর আমাদের খাদ্যমশ্বী মহাশয় পরিসংজ্ঞানের  
হিসাব দিয়ে দেখাচ্ছেন, একটা অবস্থা চিত্ত এবং রাজ্যপাল মহাশয়ের ভাষণের মাঝে  
বলছেন, দেশ খৰ উন্নতির পথে অগ্রসর হচ্ছে। এইরকম অবস্থার শাসন পরিচালিত হচ্ছে  
দেশের মধ্যে বিপ্লবের আগন্তুন জৰুল উত্তোলে; সাধারণ মানুষ বধন থেকে পাবে না, তখন সেজন্য  
বিপ্লব পোষণ করবে। দেশের উন্নতি হউক, দেশের কলকারখানা বাড়ুক, দেশের বাব্য-সংকট  
দৰ হউক—এত আঘাত্যা সকলেই চাই। সেইজন্য দেশের বর্তমান পরিস্থিতি বিচার করে  
পর্যকল্পনা ত্ব্যায় করতে হবে। তা না হলে আমাদের শাসক পার্টি, যাঁরা আজ দেশের  
কর্ণধার, তাঁদের সামনে দেওয়ালে বা লেখা আছে সেটা তাঁদের দেখতে হবে। জেই কৃত্তোটি

৪০ লক্ষ বৃত্তিকু মাল্য রূপী ক্ষুধার ঘন্টায় বিলুব ঘোষণা করে, তবে কোন শক্তি নেই এসেই বিপ্লবকে দমন করতে পারে। এই সমস্ত অবস্থার জন্য আর্ম বলব, আমাদের খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী সম্পূর্ণ দায়ী। মিঃ চেয়ারম্যান, স্যার, আমাদের রাজাগাল মহোদয়া লেবে গুম্বাখ্বে অনেক কথা বলেছেন; সে সম্পর্কে আর্ম কয়েকটি কথা বলব। তিনি বলেছেন—

“My Government are happy to notice an improvement in the industrial relations between labour and capital during the recent months. It is a matter of satisfaction that the number of strikes and lock-outs involving stoppage of work has been reduced from 325 in 1955 to 166 in 1956”.

আজকে এটা অবস্থা। তিনি বলেছেন, তাঁদের বিরোধ অনেক করে গিয়েছে। কিন্তু আমরা জানি তা ঠিক নয়। এবং গভর্নমেন্টের শ্রম-নীতিই এর জন্য দায়ী। যে-সমস্ত কম্পেনসেশন কোর্ট আছে, তা থেকে শ্রমিকদের যে এওয়ার্ড দেওয়া হয়, মালিকেরা সেগুলি কার্য্যকরী করেন না।

[9-20—9-30 a.m.]

আমাদের মাননীয় আবদ্ধস সাতার সাহেব এখানে নতুন শ্রমমন্ত্রী হয়ে এসেছেন কাপ্পজে দেখলাম তিনি সমস্ত প্রেত ইউর্নিয়ন সংঘকে ডেকেছেন, শ্রামিক-মালিক রিলেশন যারে ভাল হয় তার চেষ্টা তিনি করছেন। ভাল, আশা কথা। প্রকৃত ঘটনা কি, তা দেখে-সে-বিষয়ে অবহিত হওয়া উচিত। ৬ বছরের কংগ্রেস রাজত্বে দেখছি শ্রমিকদের বেকারীর সংখ্যা বেড়ে আছে, আবদ্ধস এম্প্লায়মেন্টের বেকারীর সংখ্যা বেড়ে যাচ্ছে, তাঁদের অবস্থা এখানে খুন্দীরূপ হয়ে উঠেছে। অনেকগুলিমেট প্রবলেম ভয়ন্তি আকার ধারণ করে দিন দিন আরে ক্ষয়িত হয়ে উঠেছে, বিশেষ করে যাশনালাইজেশন-এর ফলে। বাংলাদেশের চটকল হচ্ছে সবচেয়ে রড ইন্ডাস্ট্রি—এটা বিগেষ্ট ইন্ডাস্ট্রি ইন দি ষেট, তাতে ছাঁটাই বন্ধ না হয়ে বেড়েই উঠেছে, এই যাশনালাইজেশন-এর ফলে।

এখানে উচ্চে ফিগার পাই, দশ হাজার জুট ওয়ার্কার্স ছাঁটাই হয়েছে। মণ্ডলপুর কোলাহারী, জামুরিয়া, রানাগঞ্জ, সেখানে বারাণ্য কোলাহারী ওয়ার্কার্স ছাঁটাই হয়েছে এইভাবে দেখা যায় রিট্রোগ্রেড প্র্যাঙ্গ আনএম্প্লায়মেন্ট কি ভীষণ আকার ধারণ করেছে কলকাতার যান—আর্ম ষ্টাটিসটিক্স দেব—কত ছাঁটাই হয়েছে। আবদ্ধসের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় রিট্রোগ্রেড প্র্যাঙ্গ আনএম্প্লায়মেন্ট সম্পর্কে বলেছেন, ১৯৫৫-৫৬ সালে বাক্সেট বৃত্তান্ত—

“In fact, statistics show that West Bengal is the only State in which the volume of factory unemployment has been increasing for some years”.

তিনি নিজেই স্বীকার করেছেন কলকারখানা থেকে কি পরিমাণ লোকজন ছাঁটাই হচ্ছে। আমাদের প্রত্নত শ্রমমন্ত্রী মাননীয় কালীপদবাৰ, ২৫শে জুন ই. ১৯৫৬ সালে একটি কেন্দ্রেশন-এর জবাবে বলেছেন, ১৯৫১ সাল থেকে ১৯৫৬ সাল পর্যন্ত ৬২ হাজার মজবুত about 10 per cent. of the total labour force in West Bengal had been retrenched.

এই হচ্ছে তাঁদের হিসেব, যা ছাঁটাই হয়েছে, ইন জুট ২৯ হাজার জন, ইন ইঞ্জিনিয়ারিং ৪,২৬৪ জন, ইন দি টী ২,১৯৪ জন, ইন প্লাস এ্যাল্ড রেস্ট অফ দি ইন্ডাস্ট্রিজ ২,৭৬২ জন। এটা তিনি এক প্রশ্নের জবাবে বলেছিলেন। ১৯৫৫ সাল থেকে অবস্থা আরও খারাপের দীপ্তক যাচ্ছে, লার্জ স্কেল রিট্রোগ্রেড যা ইন্ডাস্ট্রি-তে হচ্ছে, যাশনালাইজেশন-এর জন্য প্রয়োজনীয় মিল, জগদ্দল, আলেকজান্ডার জুট মিল, ইউর্নিয়ন সাউথ জুট মিল, এস-জায়গার প্রায় ১২।১৩ হাজার শ্রমিক ছাঁটাই হয়েছে, লক-আউট হয়েছে, ফোর্মার্ড রিট্রোগ্রেড হয়েছে। শ্রমিকদের একটা বোনাস দেওয়ার ব্যবস্থা আছে। তাই নানা অজ্ঞাতে রিট্রোগ্রেড করা হচ্ছে, তাহলে তাঁদের আর বোনাস ইত্যাদি দিতে হবে না। এইরকম লোকের সংখ্যা হচ্ছে: গভর্নমেন্ট একটা এনকোরারী করেছেন। তাতে দেখা যায় ৮৮টা মিল, চটকলে ৫৫ অবস্থা। সেখানে নাম্বার অফ এম্প্লয়ীজ ইন ৮৮টা মিলস, সেটা দেখলে দেখা যাবে ১৯৫।

সালে ২১৪,৪৬৮ জন শ্রমিক কাজ করতো। আর ১৯৫৬ সালে নভেম্বরে ছাঁটাই হয়ে দাঁড়িয়েছে ১৯৫,৭৯৯ জন। তার মানে ১৮,৬৬৯ জন লোক সেখানে ছাঁটাই হয়ে গেছে। আবার মজা হচ্ছে এই যে, চটকলে যারা বহুদিন ধরে কাজ করছে, তাদের বাঁদ মাঝখানে বদলী দেওয়া না হয়, তাহলে তাদের প্রিভিডেল্ট ফার্ম ও নানারকম প্রিভিলেজ দিতে হয়। ১৯৫১ সালে বদলী ওয়ার্কার্স' ছিল ৩৪,৮০৩ জন। আর ১৯৫৬ সালে সেটা বেড়ে হয়েছে ৪০,২৬৮ জন। তারপর নারী-শ্রমিক য রা চটকলে কাজ করতো, তাদের সংখ্যা একেবারে কমে গেছে। ৩০,৮০০ জন থেকে কমে দাঁড়িয়েছে ১৯,৫৬৯ জন। চটকলের মালিকরা যেসমস্ত ব্যবস্থা করছেন, শ্রমিক ছাঁটাই-এর জন্য, তার ফলে হাজার হাজার লোক ছাঁটাই হয়ে যাচ্ছে। এ থেকে বোৰা যায় কলকারখনার কি দ্রুবস্থা—

[At this stage the Blue light was lit]

Mr. Chairman, Sir, I would take forty minutes. How much time have I taken?

**Mr. Chairman:** You have taken 25 minutes already.

**Janab Abdul Halim:** I would take forty minutes.

**Mr. Chairman:** Try to be brief, there are other speakers also.

**Janab Abdul Halim:** There is ample time.

কাজেই গভর্নমেন্টের শ্রমনীতি মালিক ঘেসা শ্রমনীতি। তার জন্য আজ হাজার হাজার লোক ছাঁটাই হয়ে যাচ্ছে। গভর্নমেন্টও তা রোধ করতে পারছেন না।

মঃ চেয়ারম্যান, স্যার, রাজপাল তাঁর স্পীচে রিফিউজীদের সম্পর্কে বলেছেন ৩১.৮৫ লক্ষ উচ্চস্তু প্রবৰ্বত্তি থেকে ১৯৪৭ সালের পর থেকে আজ পর্যবৃত্ত পরিষ্মবগে এসেছে। এর মধ্যে ২.৮ লক্ষ ক্যাম্পে রয়েছে। ৩৫০টা গভর্নমেন্ট স্পেসেরড রিফিউজী কলোনীতে ৩১শে ডিসেম্বর, ১৯৫৬ সাল পর্যবৃত্ত মোট ১৯ লক্ষ রিফিউজীকে হাউস-বিল্ডিং সোন ইত্যাদি দেওয়া হয়েছে। ১২.৮৪৮ জনকে কাজের ব্যবস্থা করে দেওয়া হয়েছে। আর ৮.৫ কোটি টাকা উচ্চাস্তুদের শিক্ষার জন্য ব্যয় করা হয়েছে। আজ পর্যবৃত্ত মোট ৮৬ কোটি টাকা উচ্চাস্তুদের জন্য খরচ করা হয়েছে। আমি জানি না, এই এত টাকা খরচ করবার প্রয়ো উচ্চাস্তুদের প্রনৰ্বাসন হয়েছে কি না! কেন না, আমাদের মৃখ্যমন্ত্রী মহাশয় গত ২৪।৫।৫৭ সালে বলেছেন—

"Rehabilitation Schemes are not sufficiently satisfactory. 19 lakhs have been rehabilitated partially through business loans. I do not know whether they have been able to stand on their own feet."

তিনি জানেন না, আমাদের মৃখ্যমন্ত্রী তিনি! ১৯ লক্ষ লোকের লোন ইত্যাদি দেওয়া হয়েছে, বিজিনেস লোন, তাতে তারা নিজের পায়ে দাঁড়িতে পেরেছে কি না—সেটা তিনি জানেন না। এই হচ্ছে তাঁর ভাবণ। তাঁরা নিজেরা স্বীকার করেছেন ১১ লক্ষ রিফিউজী সম্পর্কে গভর্নমেন্ট কোন ব্যবস্থা করতে পারেন নাই। আজ দেখিছি ২৭ হাজার লোক বিহার প্রাইজিট ক্যাম্পে পাঠিয়েছেন: বেতোয়া ৫.৩৯২ জনকে পাঠিয়েছেন, উর্দ্ধবায়ার ৮৭১ জনকে পাঠিয়েছিলেন, সৌরাষ্ট্রে পঠান হয়েছিল ১০।১৫ হাজার লোক, তারা এইসব ক্যাম্প থেকে চলে আসছে। আর এ'রা বলছেন দৃষ্ট-প্রকৃতির লোকেরা তাদের এখানে ফিরিয়ে নিয়ে আসছে। যারা থেকে পাছে না, এখানে, তাদের দৃষ্ট-প্রকৃতির লোকে সেখান থেকে নিয়ে এসে অশান্ত সংষ্টি করছে! কলিকতার শিয়লদহ ষেন্টেনে, হাওড়া অয়দান: হাজার হাজার নরনারী, শিশু, যাইলা প্রভৃতি নিয়ে কি দ্রুবস্থার মধ্যে রয়েছে, তা ভাষায় বৎস না করা যায় না। দৃষ্ট লোকে হাজার হাজার নরনারীকে এইভাবে দ্রুবস্থার মধ্যে টেনে আনতে পারে না। আমি বলবো গভর্নমেন্টের নৰ্তাতই তাদের এইভাবে নিয়ে এসেছে। পরিষ্মবগের জনসংখারণের মত তাদের মানব হিসেবে গণ্য করে, সমাজে সুস্থিত প্রনৰ্বাসনের চেষ্টা করা দরকার। তা ন হলে এই উচ্চস্তু সমস্যার সমাধান কোনদিন হবে না।

আনএম্প্লয়মেন্ট সমস্যা সম্বন্ধে বিশেষ কিছু বলতে চাই না। এখানে একটির থার্ড-ম্যাইজ আনএম্প্লয়েড। মধ্যাবস্থা সম্প্রদায়ের মধ্যে বেকারী কি পরিমাণে বেড়ে গেছে, বলা দরকার। ১৯৫৫-৫৬ সালের সেন্ট্রাল লেবার এক্সচেঞ্জ রিপোর্টে বলা হয়েছে ১৯৫৩ সালের জানুয়ারী মাসের শেষে ৭ লক্ষ ১৭ হাজার লোক কাজের জন্য নাম লিখিয়েছে আর ১৯৫৬ সালের ডিসেম্বরে সেই সংখ্যা বেড়ে হয়েছে ৭ লক্ষ ৫৯ হাজার। এই বেকারী সংখ্যা ১৯৫৩ সাল থেকে বেড়ে যাচ্ছে। ১৯৫৫ সালের জানুয়ারী শেষে এই সংখ্যা ছি ৬ লক্ষ ১৪ হাজার এবং এই সালেরই ডিসেম্বরের শেষে সেটা বেড়ে হল ৬ লক্ষ ১২ হাজার। সব লোক ন লিখিয়েও কাজ পায় না। আবার অনেক লোক নাম লেখাতেও যায় না। আবার বছরে বছ নাম লিখিয়েও তারা কাজ পায় নি। এই হচ্ছে আনএম্প্লয়মেন্ট-এর অবস্থা। এখানে সে সম্পর্কে কিছু দেখলাম না। তারা বেকারদের কিভাবে কাজের ব্যবস্থা করবেন তার কে উল্লেখ এখানে নাই।

[9.30—9.40 a.m.]

কিন্তু আমরা দেখিছি ১৯৫৩ সালে এই আইন পাশ হবার পর ভাগচাষীরা লার্জ-স্কেল-জার্ম থেকে উচ্ছেদ হচ্ছে। দেশ বেকারে পর্যাপ্ত হচ্ছে। পল্লী-অঞ্চলে আজকে হাহাক উঠেছে। আমরা জানি ২৪-পরগণার বিশ্বপুর, বজবজ অঞ্চলে যারা কুটীরশ্শলের দ্বা জীৱিকার্জন কৰত, চিড়াৰ বাবসা কৰত সেখানে, আজকে হাস্কিং মেসন যাবার ফলে বহু নো বেকার হয়ে পড়েছে। কুটীরশ্শলের দ্বারা তারা যাতে নিজেদের পারে দাঁড়াতে পথ সেইরকম কোন কাজের ব্যবস্থা না কৰায় আজকে তারা বেকার হয়ে যাচ্ছে। তারা অত্যন্ত শোচনীয় অবস্থার সম্মুখীন হয়েছে। তাদের সম্পর্কে কোন ব্যবস্থাই কৰছেন না। তারপ্রাণাশঙ্কলে ফাড হয়ে গিয়েছে, বহু অঞ্চল বন্যার প্রকোপে বিধৃত হয়েছে। এজন্য তা “বিল্ড ইওর ওন হাউস” স্কীম কৰেছেন। আমরা জানি ব্যক্তিগত অবস্থায় এই পরিকল্পনা কখনো সম্ভব হতে পারে না। লাভপুর থানায় ৫০১৬০ খানা প্রায়ে বন্যার ধূসেলীলা দেখিয়েছিল, কিন্তু সেখানে কয়টা বাঢ়ী তৈরী হয়েছে বলতে পারেন? ব্যর্ধমান জেলা, নদী জেলায় ১০ লক্ষ তৈরী কৰেছেন, কিন্তু সেখানে কয়টা ঘৰ তৈরী হয়েছে তার হিসাব পন। এখন বৰ্ষার সময় এসে দেল, এতকাল গ্রীষ্ম গিয়েছে। এই বৰ্ষার সময় তাদের অবস্থা হবে সে সম্বন্ধে গভর্নমেন্টের কোন পরিকল্পনা নাই। মানুষ সেখানে বাস কৰে পারবে কি না জানি না। কয়টা ঘৰ তৈরী হয়েছে তার কোন হিসাব নাই। তারপুর, দেস অঞ্চল হল উষৱৰ ও অন্দুৰৰ। গ্রীষ্মকালে ময়ুরাক্ষী অঞ্চলেও জল থাকে না। বৰ্ষা খালীবলৈ জল আসে। যদি এই সমস্ত জায়গায় সারা বছর জল থাকত তাহলে তারা সাব্ব শাকসবজীর চাষ কৰতে পারত। কিন্তু এসব দিকে সৱকারের লক্ষ্য নাই। তাঁৰা শুঁ বাজে স্কীম কৰে জনসাধারণের অর্থের অপচয় কৰেছেন। আমরা চাই জনসাধারণের টাকা এইভাবে অপচয় না কৰে তাঁৰা প্রকৃত দেশ গঠনমূলক কাজ কৰান, তাতে আমরা নিশ্চয় তাঁদের সঙ্গে সহযোগিতা কৰব। তা না কৰলে দেশকে শুধু ধৰ্মসের মুখেই ঠেলে দেওয়া হবে

**Sj. Krishna Kumar Chatterjee:** Mr. Chairman, Sir, I rather consider it a matter of misfortune that I have been called upon to speak before I have had the privilege of listening to my friend Professor Bhattacharyya for whose constructive criticism and valued comments I have got the greatest regard. Sir, never before in my life the truth of that common saying that everything looks yellow to the jaundiced eye revealed itself with greater force to me than yesterday when I had the privilege of listening to the speeches of my friends Dr. Monindra Chakrabarty and Shri Satya Prakash Roy. Sir, when a person suffers from the political jaundice of outlook or national questions the disease tends to become chronic and is difficult to cure. Even then, Sir, I cannot resist the temptation of prescribing a sure antidote for the disease, a vigorous intervenous injection of patriotism. With these preliminary remarks, Sir, I would now touch the motion of thanks moved in reply to the Governor's address in this House.

I fully support the motion of thanks and in doing so I have to refer to the criticisms levelled by my friends in the Opposition. All their remarks and all their attacks against the Governor's Address reveal clearly that the Governor has given a realistic picture of the situation in West Bengal. The first point dealt with in the Governor's speech related to the food problem and the food crisis. There has also been a reference to the rising prices of food and other essential articles. So my friends in the Opposition have got to admit that the Governor has not tried to conceal things from the public eye. Our Governor has been kind enough to take the people into confidence and perhaps more so than even the Opposition friends who are in this House.

I will just refer to some of the salient points in the Governor's Address even at the risk of being a bit boring to our friends. On the question of food the Governor has mentioned that the consumption requirement of cereals (rice and wheat) in 1957 is estimated to be of the order of 46.13 lakh tons for 20 million of our population the per capita consumption being on an average 15 ozs. per day. The production of rice in 1947 was unfortunately hampered due to certain natural calamities to which the attention of the House has been drawn by our Governor. The production of rice has come to 43.3 lakh tons. Therefore, the deficit is 3 lakh tons for which the Governor expressed concern and has indicated that with the help of the Central Government we can yet tide over our difficulties with regard to the food problem. There has, therefore, been enough appreciation of the position in this State in the address. Our friends will be doing injustice to the ruling party if they say that the food question has not been properly taken account of and that the people's misery has been lost sight of by the ruling party.

[9.40—9.50 a.m.]

The people have shown enough confidence in the ruling party by the way in which they have given support to its nominees in the last general election. Of course, we do not feel elated about that, nor do we become proud to find that the people, once again, have reposed confidence in us. On the other hand, we feel absolutely modest and humble in facing the colossal problem that we have to tackle, as members of the ruling party and we appeal to our friends in the Opposition—please try to lend a helping hand to all of us so that we can build up West Bengal—a prosperous West Bengal—wherfrom the miseries and sorrows of the people will be driven out by a joint effort of all sections of the people. That is our appeal now and that has been our appeal all throughout. Unfortunately, the response to our appeal has been meagre and I may, even say, very poor and tragic. ('Question' from the Opposition side.) Democracy, after all, can only function if democracy can be built up through a process by which a responsible and responsive opposition is created and unless that position is ensured, democracy will not have any future prospect in the country. I have to remind my friends that one day they may be called upon to share the responsibility of administering this province, and if, today, they do not help the democratic functioning of the State then it would indeed be a bad day for West Bengal, because only on the solid foundation of democracy we can hope to solve the problems of West Bengal. I feel the problems are too many, which are intricate, complicated and even difficult to solve. If my friends opposite merely in a spirit of criticism fail to realise the dangerous situation arising out of irresponsible utterances inside this House and out of the chaos that is being created outside, it will, after all, affect adversely the morale of the administration itself, whether run by the Congress Party today or run by the Opposition tomorrow. We all know that in last June coastal districts of 24-Parganas and Midnapore were hit by a tornado resulting in failure of crops. We have to take that into account. If my friends would mislead the country

by telling that the ruling party is not aware of the food shortage in the country and the miseries of the people due to that, it would really be unfortunate. The Opposition is not fulfilling its task of pointing out to the ruling party the real defects in the tackling of food problems. On the other hand, they are really trying to take advantage of the miseries of the people to generate in the minds of the people some kind of disrespect for the administration which will ultimately create a situation in which you and I will both suffer. Sir, we ought not to forget that severest flood ravaged some of the districts of West Bengal as the result of which the Government had to meet a very difficult situation being called upon to immediately render help to lakhs of families affected. These relief measures cost this province ten crores of rupees. To check consequential rise in prices our Food Minister arranged for the opening of 400 fair price shops to bring the price down, and I can tell you, Sir, that he has been successful, from the index of the prices—I mean of retail prices as prevailing on May 1 and May 8—we find that in Calcutta the price of rice stood at Rs. 22 and 15 Naye Paise on the 1st May and on the 8th May it went up to only Rs. 22 and 50 Naye Paise. (Noise from the Opposition benches.) This is based on figures from Government publications on which I depend.

**Dr. Monindra Mohan Chakrabarty:** They are not based on proper statistics.

**Mr. Chairman:** He is making a statement. Please do not interfere.

**SJ. Krishna Kumar Chatterjee:** I may say that I have no special love for statistics. I have a horror of statistics. But even one has to admit that the only statistics that one can depend upon are those collected by Government experts who have got enough opportunity to collect the data. It is not proper for us to depend on certain statistics supplied by the Opposition members about the authenticity and dependability of which we have grave doubts. From the Government statistics I find that in Calcutta the price of rice has fallen down and it has come to Rs. 209 Naye Paise. That is the price index of today. Not only that—if we look to the cost of living index in Calcutta and the wholesale price index—we will get some revealing facts as opposed to those mentioned by my friend, Professor Chakrabarty. We have got figures for March 2, 1957 and April 20, 1957, of cost of living index. If we take the year 1950 as the base we find that for the income group up to Rs. 100 the expenditure level has risen only from 98.4 to 100.2. (Laughter from the Opposition benches.) You cannot laugh at that. These are figures reported by experts and if you laugh at expert's report, you only try to make a political capital out of a non-existing distress.

**Dr. Monindra Mohan Chakrabarty:** That is not at all true.

**Mr. Chairman:** Please do not interrupt. You can simply question.

**Dr. Monindra Mohan Chakrabarty:** I am not interfering, I am only helping him.

**SJ. Krishna Kumar Chatterjee:** We have to depend on the statistics which have been published by the Government and these figures are indicative of one particular point that, after all, the picture that was drawn yesterday in this House was not a real picture—probably because the figures on which my friends depended were supplied to them by some people who were interested in giving wrong picture of things. Sir, if you take all the items of expenditure even then you will find that the cost has risen from 98.4 to 100.2 only and on food items the cost has risen only up to 97.8 on 20th April from 91.4 on the 2nd March, 1957. For the income group of 101 to 200 what is the position? The expenditure has risen from 96.9 on March 2, 1957, to

98.6 on April 20. As regards food it has risen from 91.5 to 95.2. For the income group 201 to 350 the cost has risen from 96.2 to 97.6 for all other items of expenditure on essential consumer goods and from 89.6 to 91.3 for food. If you consider only the wholesale price index, you will find it stable at 102.5. If you take all things which are the most important food articles in West Bengal, you will find that the average price per seer in rupee is .60 in March 1957 and .60 on April 20, 1957. That shows that, after all, this Government which has been condemned by the other side has been successful in checking the price to this extent and it belies the picture that has been depicted by my friends on the opposite side. I give these figures only for the purpose of exposing the nature of statistics supplied yesterday by the members of the Opposition.

[9.50—10 a.m.]

